

## সপ্তম অধ্যায়
# বাংলাদেশের রাষ্ট্র ও সরকার ব্যবস্থা

## বিষয়-সংক্ষেপ

রাষ্ট্র একটি রাজনৈতিক প্রতিষ্ঠান। রাষ্ট্র গঠনের চারটি উপাদানের মধ্যে গুরুত্বপূর্ণ উপাদান হলো সরকার। যুগে যুগে সরকারের ধরন ও ধারণার পরিবর্তন ঘটেছে। সংবিধান হচ্ছে রাষ্ট্র পরিচালনার দলিল। যেকোনো রাষ্ট্র তার প্রণীত সংবিধান অনুযায়ী পরিচালিত হয়। বাংলাদেশের সংবিধান একটি উত্তম সংবিধান। রাষ্ট্রকে সুশৃঙ্খল ও সঠিকভাবে পরিচালনার জন্য যাবতীয় কার্যাবলি রাষ্ট্র পরিচালনা করে। এসব কার্যাবলি পরিচালনার জন্য বাংলাদেশ সরকারের রয়েছে তিনটি বিভাগ। এগুলো হলো আইন, শাসন ও বিচার বিভাগ। বাংলাদেশে স্থানীয় পর্যায়ে শাসনব্যবস্থা ও উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার জন্য জনগণের ভোটে নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে গঠিত ব্যবস্থা হলো স্থানীয় সরকারব্যবস্থা। সরকারের সেবা সবার কাছে পৌঁছানোই এর উদ্দেশ্য। এ ব্যবস্থায় রয়েছে জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, সিটি কর্পোরেশন ও পৌরসভা।

## পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

**সরকার :** রাষ্ট্রের অপরিহার্য চারটি মৌলিক উপাদানের মধ্যে অন্যতম একটি উপাদান হচ্ছে সরকার। সরকার রাষ্ট্রের মূল চালিকাশক্তি। সরকার হলো শাসন বিভাগ, আইন বিভাগ, বিচার বিভাগের সমন্বিত রূ প।

**গণতান্ত্রিক সরকার :** জনগণের দ্বারা নির্বাচিত সরকারকে গণতান্ত্রিক সরকার বলে। গণতন্ত্রে সার্বভৌম ৰমতা জনগণের হাতে ন্যস্ত থাকে। জনগণই সকল ৰমতার মূল উৎস। জনগণ তাদের পছন্দের রাজনৈতিক দল বা ব্যক্তিদের ভোট দিয়ে জয়যুক্ত করে। এসব নির্বাচিত প্রতিনিধি সরকার গঠন ও দেশ পরিচালনা করেন। এ ধরনের সরকারকে গণতান্ত্রিক সরকার বলে।

**যুক্তরাষ্ট্রীয় সরকার :** যে শাসনব্যবস্থায় সংবিধান কর্তৃক কেন্দ্রীয় সরকার ও প্রাদেশিক সরকারের মধ্যে ৰমতা বণ্টন করে দেওয়া হয়, তাকে যুক্তরাষ্ট্রীয় সরকার বলে। যেমন : ভারত ও আমেরিকায় যুক্তরাষ্ট্রীয় সরকার বিদ্যমান। যুক্তরাষ্ট্রীয় শাসনব্যবস্থায় দুই প্রকারের সরকার থাকে। একটি কেন্দ্রীয় সরকার এবং অন্যটি অঙ্গরাজ্যের সরকার। রাষ্ট্রের সংবিধানের নিয়মানুসারে যুক্তরাষ্ট্রীয় সরকার কেন্দ্রীয় ও অঙ্গরাজ্যের সরকারের মধ্যে ৰমতা বণ্টন করে দেয়। এভাবে যুক্তরাষ্ট্রীয় সরকার পরিচালিত হয়।

**সংবিধান :** সংবিধান হচ্ছে রাষ্ট্র পরিচালনা দলিল। একটি ভবন বা ইমারত যেমন এর নকশা দেখে তৈরি করা হয়, তেমনি সংবিধান অনুযায়ী রাষ্ট্রের শাসনব্যবস্থা পরিচালিত হয়। সরকার কী ধরনের হবে, নাগরিক হিসেবে আমরা কী অধিকার ভোগ করব, সরকারের বিভিন্ন বিভাগ কী ৰমতা ভোগ করবে তার সবকিছুই এতে লিপিবদ্ধ থাকে।

**বাংলাদেশের রাষ্ট্র পরিচালনার মূলনীতি :** ১৯৭২ সালের মূল সংবিধান এবং সংবিধানের পঞ্চদশ সংশোধনী অনুযায়ী বাংলাদেশের রাষ্ট্রীয় চার মূলনীতি যথা : জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র, ধর্মনিরপেৰতা।

**বাংলাদেশ সরকারের বিভিন্ন অঙ্গ :** সরকার রাষ্ট্রের মূল চালিকা শক্তি। রাষ্ট্র পরিচালনার জন্য সরকার বিভিন্ন রকম কাজ করে। সরকারের এ কাজগুলো সম্পাদনের জন্য তিনটি বিভাগ রয়েছে। এগুলোকে বলা হয় ১. আইন বিভাগ, ২. শাসন বিভাগ এবং ৩. বিচার বিভাগ।

**স্থানীয় সরকার :** সাধারণভাবে স্থানীয় সরকার হলো স্থানীয় পর্যায়ে শাসন ও উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার জন্য জনগণের ভোটে নির্বাচিত সরকারব্যবস্থা। বর্তমানকালে রাষ্ট্রের আয়তন বড় ও লোকসংখ্যা বেশি হওয়ায় কেন্দ্রে বসে সরকারের পৰে আঞ্চলিক সকল সমস্যা সমাধান করা সম্ভব হয়ে ওঠে না। তাই স্থানীয় পর্যায়ের সমস্যার সুষ্ঠু সমাধানের জন্য স্থানীয় পর্যায়ে এ ধরনের শাসনব্যবস্থা গড়ে উঠেছে।

**স্থানীয় সরকার কাঠামো :** বাংলাদেশের স্থানীয় সরকার কাঠামোকে প্রধানত দুভাগে ভাগ করা যায়। যথা : গ্রামাঞ্চল ও শহরাঞ্চল। বাংলাদেশের গ্রামাঞ্চল তিনস্তর বিশিষ্ট স্থানীয় কাঠামো চালু রয়েছে। যেমন : ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ ও জেলা পরিষদ। অন্যদিকে শহরাঞ্চলের স্থানীয় সরকারকে দুটি স্তরে ভাগ করা হয়েছে। যথা : পৌরসভা ও সিটি কর্পোরেশন।

**স্থানীয় সরকার গঠন :** একমাত্র জেলা পরিষদ ছাড়া স্থানীয় সরকারের সকল কাঠামোর নেতৃত্বই নির্বাচিত হন জনগণের সরাসরি ভোটে। এগুলোর প্রতিটিরই কার্যকাল পাঁচ বছর।

**স্থানীয় সরকারের কাজ :** স্থানীয় সরকার জনপ্রতিনিধিত্বমূলক। এটি স্বশাসিত ও সরকারের প্রত্যৰ নিয়ন্ত্রণমুক্ত। জনহিতকর কাজ থেকে শুরব করে স্থানীয় পর্যায়ের অনেক উন্নয়নমূলক কাজ করে থাকে স্থানীয় সরকার। স্থানীয় পর্যায়ে উন্নয়নের মূল চাবিকাঠি স্থানীয় সরকারের হাতে।

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. বাংলাদেশের সংবিধান ২০১১ সাল পর্যন্ত কতবার সংশোধন হয়েছে?**
ক ১১　খ ১৩　● ১৫　ঘ ১৮

**২. বাংলাদেশ একটি গণপ্রজাতন্ত্রী রাষ্ট্র। কারণ–**
i. জনগণই সকল ৰমতার উৎস
ii. রাষ্ট্রপ্রধান উত্তরাধিকার সূত্রে ৰমতাপ্রাপ্ত
iii. সরকার জনগণের প্রত্যৰ ভোটে নির্বাচিত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　● i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
মিসেস তাসলিমা জাতীয় সংসদের একজন সদস্য। কিন্তু তিনি সংসদ নির্বাচনের সময় ৩০০ আসনের কোনোটিতেই প্রার্থী ছিলেন না। তিনি একজন নির্বাচিত সদস্য হিসাবে জাতীয় সংসদের অধিবেশনে সরকারি চাকুরির ৰেত্রে নারীর কোটা বৃদ্ধি বিল উথাপন করেন।

**৩. মিসেস তাসলিমা কাদের ভোটে সদস্য নির্বাচিত হলেন?**
ক জনগণের　খ মন্ত্রী পরিষদের
● সাংসদদের　ঘ উপজেলা চেয়ারম্যানদের

৪. **মিসেস তাসলিমাকে সংসদ সদস্য হিসাবে নির্বাচনের কারণ হচ্ছে–**
i. মহিলাদের প্রতিনিধিত্ব বৃদ্ধি করা
ii. সংসদের সদস্য সংখ্যা বাড়ানো
iii. নারীর স্বার্থ সংরৰণ করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫. **বাংলাদেশের সংবিধানে কয়টি অনুচ্ছেদ রয়েছে?**
ⓚ ১৫১ ● ১৫৩ ⓖ ১৬৪ ⓘ ১৭০

৬. **রাষ্ট্রের মূল চালিকাশক্তি কোনটি?**
ⓚ সার্বভৌমত্ব ● সরকার ⓖ মন্ত্রী ⓘ রাজনৈতিক দল

৭. **'সরকারের সকল ৰমতা জনগণ কর্তৃক নিয়ন্ত্রিত'–এটি কোন সরকারব্যবস্থার ৰেত্রে প্রযোজ্য?**
ⓚ সমাজতন্ত্র ⓚ একনায়কতন্ত্র ● গণতন্ত্র ⓘ রাজতন্ত্র

৮. **বাংলাদেশের সংসদ সদস্য সংখ্যা যদি ৩০০ জন হয় তাহলে কতজন সদস্যের ভোটে সংবিধান সংশোধন করা যাবে?**
ⓚ ১৫০ ● ২০০ ⓖ ২৫০ ⓘ ৩০০

৯. **প্রধান বিচারপতিকে কে নিয়োগ দেন?**
ⓚ প্রধানমন্ত্রী ⓚ আইনমন্ত্রী ⓖ প্রশাসন ● রাষ্ট্রপতি

১০. **গ্রামাঞ্চলে স্থানীয় সরকার কাঠামোর সর্বনিম্ন স্তর কোনটি?**
ⓚ গ্রাম পরিষদ ⓚ জেলা পরিষদ
● ইউনিয়ন পরিষদ ⓘ উপজেলা পরিষদ

১১. **'ক' অঞ্চলের অধিবাসীরা একই ভাষা, সাহিত্য, সংস্কৃতিতে আবদ্ধ। উক্ত অঞ্চল বাংলাদেশে রাষ্ট্রীয় কোন মূলনীতিটি অনুসরণ করে?**
ⓚ গণতন্ত্র ⓚ সমাজতন্ত্র ● জাতীয়তাবাদ ⓘ ধর্মনিরপেৰতা

১২. **কত সালে স্বাধীন বাংলাদেশের সংবিধান প্রণীত হয়?**
ⓚ ১৯৭১ ● ১৯৭২ ⓖ ১৯৭৩ ⓘ ১৯৭৪

১৩. **বাংলাদেশে কয়টি ইউনিয়ন পরিষদ আছে?**
ⓚ ৪২২৫ ⓚ ৪২৫০ ⓖ ৪৪৫০ ● ৪৫৫০

১৪. **কোন দেশের সংবিধানে ১৫৩টি অনুচ্ছেদ রয়েছে?**
ⓚ ভারত ● বাংলাদেশ ⓖ পাকিস্তান ⓘ শ্রীলংকা

১৫. **ৰমতা বণ্টনের নীতি অনুসারে গণতান্ত্রিক সরকারকে কয় ভাগে ভাগ করা যায়?**
● দুই ⓚ তিন ⓖ চার ⓘ পাঁচ

১৬. **কোনটি রাষ্ট্রের মূল চালিকাশক্তি?**
● সরকার ⓚ স্বাধীন বিচার বিভাগ
ⓖ ব্যাংক বীমা ⓘ আইন বিভাগ

১৭. **বিশিষ্ট অতিথিদের অভ্যর্থনার ব্যবস্থা করা কোন স্থানীয় সরকারের কাজ?**
ⓚ ইউনিয়ন পরিষদ ● পৌরসভা
ⓖ জেলা পরিষদ ⓘ উপজেলা পরিষদ

১৮. **এলাকায় শান্তিশৃঙ্খলা রৰার জন্য ছোটখাটো বিবাদ নিষ্পত্তির ব্যবস্থা করার দায়িত্ব হলো–**
ⓚ পলস্নী পরিষদের ⓚ গ্রাম পঞ্চায়েতের
ⓖ উপজেলা পরিষদের ● ইউনিয়ন পরিষদের

১৯. **সংবিধান কোন সংশোধনের মাধ্যমে চারটি মূলনীতি গ্রহণ করে?**
ⓚ নবম সংশোধনী ⓚ দশম সংশোধনী
ⓖ চতুর্দশ সংশোধনী ● পঞ্চদশ সংশোধনী

২০. **পরোৰ নির্বাচনের মাধ্যমে প্রতিনিধি নির্বাচিত হয় কোন স্থানীয় সরকার ব্যবস্থায়?**
ⓚ ইউনিয়ন পরিষদে ⓚ পৌরসভায়
ⓖ সিটি কর্পোরেশনে ● জেলা পরিষদে

২১. **রাষ্ট্রের অপরিহার্য মৌলিক উপাদান কয়টি?**
ⓚ ছয় ⓚ দুই ⓖ তিন ● চার

২২. **বাংলাদেশের সংবিধানে কতটি অনুচ্ছেদ আছে?**
ⓚ ১৫১ ⓚ ১৫২ ● ১৫৩ ⓘ ১৫৪

২৩. **রাষ্ট্রের অপরিহার্য মৌলিক উপাদান কয়টি?**
ⓚ ২ ● ৪ ⓖ ৬ ⓘ ১২

২৪. **কেন্দ্রের হাতে ৰমতা ন্যস্ত থাকে কোন সরকার পদ্ধতিতে?**
ⓚ যুক্তরাষ্ট্রীয় ⓚ সমাজতান্ত্রিক
ⓖ একনায়কতান্ত্রিক ● এককেন্দ্রিক

২৫. **"এই সংবিধান লিখিত হয়েছে লাখো শহিদের রক্তের অৰরে"–এটি কার উক্তি?**
● বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ⓚ ড. কামাল হোসেন
ⓖ সৈয়দ নজরম্নল ইসলাম ⓘ তাজউদ্দিন আহমদ

২৬. **সংবিধানের সর্বশেষ সংশোধনী (পঞ্চদশ) গৃহীত হয় কখন?**
ⓚ ২০১০ সালের ২৬ ফেব্রয়ারি ⓚ ২০১০ সালের ১৭ এপ্রিল
ⓖ ২০১১ সালের ২৭ মে ● ২০১১ সালের ৩০ জুন

২৭. **বাংলাদেশ সংবিধানের পরিবর্তন বা সংশোধনের দায়িত্ব পালন করে—**
ⓚ রাষ্ট্রপতি ● জাতীয় সংসদ
ⓖ প্রধানমন্ত্রী ⓘ নির্বাচন কমিশন

২৮. **সীমিত অর্থে শাসন বিভাগ বলতে বোঝায়–**
● সরকার প্রধান ও তার মন্ত্রিপরিষদ ⓚ রাষ্ট্রপ্রধান ও সচিবালয়
ⓖ রাষ্ট্রপ্রধান ও তার মন্ত্রিপরিষদ ⓘ মন্ত্রিপরিষদ ও প্রধান বিচারপতি

২৯. **সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি নিয়োগ দেন কে?**
ⓚ প্রধানমন্ত্রী ● রাষ্ট্রপতি ⓖ সংসদ ⓘ সচিব

৩০. **শাসন বিভাগের সর্বনিম্নে রয়েছেন–**
ⓚ জনগণ ● চৌকিদার ⓖ মেম্বার ⓘ চেয়ারম্যান

৩১. **জাতীয় তহবিলের অভিভাবক কে?**
বিচার বিভাগ শাসন বিভাগ রাষ্ট্রপতি ● আইন বিভাগ

৩২. **দণ্ডিত ব্যক্তির দণ্ড মওকুফ বা হ্রাস করার ৰমতা আছে কার?**
ⓚ প্রধানমন্ত্রীর ● রাষ্ট্রপতি
ⓖ স্পিকারের ⓘ প্রধান বিচারপতির

৩৩. **মারৰফ মৃত্যুদণ্ডপ্রাপ্ত একজন আসামি। মারৰফের দণ্ড মওকুফ করার ৰমতা রয়েছে–**
ⓚ প্রধান বিচারকের ⓚ অ্যাটর্নি জেনারেলের
● রাষ্ট্রপতির ⓘ প্রধানমন্ত্রীর

৩৪. **স্থানীয় সরকারের সর্বনিম্ন স্তর কোনটি?**
ⓚ গ্রাম পরিষদ ● ইউনিয়ন পরিষদ
ⓖ উপজেলা পরিষদ ⓘ জেলা পরিষদ

৩৫. **কয়টি ওয়ার্ড নিয়ে ইউনিয়ন পরিষদ গঠিত?**
ⓚ ৬ ● ৯ ⓖ ১০ ⓖ ১২

৩৬. **পৌরসভার সদস্য সংখ্যা কিসের ওপর নির্ভর করে?**
● আয়তন ও লোকসংখ্যা ⓚ আয়তন ও শিৰিতের হার
ⓖ জনসংখ্যা ও কর্মসংস্থান ⓘ জনসংখ্যা ও শিল্প প্রতিষ্ঠান

৩৭. **স্থানীয় সরকারের কোন কাঠামোটির নির্বাচন প্রক্রিয়া ভিন্নতর?**
ⓚ ইউনিয়ন পরিষদ ⓚ পৌরসভা
● জেলা পরিষদ ⓘ উপজেলা পরিষদ

৩৮. **বাংলাদেশে স্থানীয় সরকার কাঠামোর কোন স্তরের সবাই পরোৰভাবে নির্বাচিত?**
ⓚ ইউনিয়ন পরিষদ ⓚ উপজেলা পরিষদ
● জেলা পরিষদ ⓘ সিটি কর্পোরেশন

৩৯. **বাংলাদেশ সরকারের একজন সচিব সরকারের কোন বিভাগের আওতায় পড়েন?**
বিচার বিভাগ ● শাসন বিভাগ আইন বিভাগ সচিবালয়

৪০. **বাংলাদেশ সরকারব্যবস্থার বৈশিষ্ট্য হচ্ছে–**
i. মন্ত্রিপরিষদ শাসিত সরকার
ii. গণতান্ত্রিক রাষ্ট্র
iii. যুক্তরাষ্ট্রীয় সরকার
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৪১. **জেলা পরিষদের কাজ হলো–**
i. রাস্তাঘাট নির্মাণ ii. শিৰাপ্রতিষ্ঠান নির্মাণ
iii. বিবাহ নিবন্ধন করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ● i ও ii ⓘ ii ও iii

৪২. **বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি হলো–**
i. ঐক্য ii. সংহতি
iii. স্বাধীনতা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৪৩. **বাংলাদেশ একটি গণপ্রজাতন্ত্রী রাষ্ট্র। কারণ–**
i. জনগণই সকল ৰমতার উৎস

ii. রাষ্ট্রপ্রধান উত্তরাধিকার সূত্রে ৰমতাপ্রাপ্ত
iii. সরকার জনগণের প্রত্যৰ ভোটে নির্বাচিত

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৪ ও ৪৫নং প্রশ্নের উত্তর দাও :**

মিসেস রবমানা জাতীয় সংসদের একজন সম্মানিত সদস্য। কিন্তু তিনি সংসদ নির্বাচনের সময় ৩০০ আসনের কোনোটিতেই প্রার্থী ছিলেন না। তিনি একজন মনোনীত সদস্য হিসেবে জাতীয় সংসদে সরকারি চাকরির ৰেত্রে নারী কোটা বিল সংসদে উত্থাপন করেন।

**৪৪. মিসেস রূ মানা কাদের ভোটে সংসদ সদস্য নির্বাচিত হলেন?**
ⓚ জনগণের ⓖ উপজেলা চেয়ারম্যানদের
ⓖ জাতীয় সংসদ সদস্যদের ● মন্ত্রীপরিষদের সদস্যদের

**৪৫. মিসেস রবমানাকে সংসদ সদস্য হিসেবে নির্বাচনের কারণ হচ্ছে—**
i. মহিলাদের প্রতিনিধিত্ব বৃদ্ধি ii. সংসদের সদস্য সংখ্যা বাড়ানো
iii. নারীর স্বার্থ সংরৰণ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৬ ও ৪৭নং প্রশ্নের উত্তর দাও :**

৮ম শ্রেণির ছাত্র সুজন টিভিতে একটি টকশো অনুষ্ঠান দেখে। উক্ত অনুষ্ঠানে চার–পাঁচ জন বক্তা দেশের একটি চলমান পরিস্থিতি নিয়ে বিভিন্ন তর্ক–বিতর্ক করলে অনুষ্ঠানের সঞ্চালক তা নিয়ন্ত্রণ করার চেষ্টা করেন এবং মাঝে মধ্যে সিদ্ধান্তে উপনীত হন।


**৪৬. উক্ত টকশো অনুষ্ঠানটির সঞ্চালক নিচের কোন পদটির সাথে সাদৃশ্যপূর্ণ?**
ⓚ রাষ্ট্রপতি ● স্পীকার ⓖ প্রধানমন্ত্রী ⓖ স্বরাষ্ট্রমন্ত্রী

**৪৭. উক্ত পদের জন্য সঠিক তথ্য হলো—**
i. সংসদ সদস্যদের ভোটে নির্বাচিত ii. মৃত্যুদণ্ড মওকুফ করতে পারেন
iii. জাতীয় তহবিলের অভিভাবক

**নিচের কোনটি সঠিক?**

● i ⓚ ii ⓖ i ও ii ⓖ ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৮ ও ৪৯নং প্রশ্নের উত্তর দাও :**




**৪৮. প্রশ্নচিহ্নিত (?) স্থানে কী হবে?**
ⓚ একনায়কতন্ত্র ● গণতন্ত্র ⓖ রাজতন্ত্র ⓖ প্রজাতন্ত্র

**৪৯. এটিকে রাষ্ট্রীয় মূলনীতি করার ফলে রাষ্ট্রের সব কাজে—**
ⓚ সমতা আসবে
ⓚ ঐক্য সৃষ্টি হবে
● নাগরিকের অংশগ্রহণ নিশ্চিত হবে
সমান সুযোগ সুবিধা নিশ্চিত হবে

# অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

## পাঠ-১ : সরকারের ধরন

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫০. রাষ্ট্র একটি কী ধরনের প্রতিষ্ঠান?**
[বন্নু–বার্ড উচ্চ বিদ্যালয়, সিলেট; নড়াইল সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়; উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল]
ⓚ সামাজিক ⓚ অর্থনৈতিক ⓖ সেবামূলক ● রাজনৈতিক

**৫১. বাংলাদেশের সংবিধান প্রণীত হয়েছে কত সালে?** (জ্ঞান)
ⓚ ১৯৭১ ● ১৯৭২ ⓖ ১৯৭৩ ⓖ ১৯৭৪

**৫২. ১৯৭২ সালের কোন মাসে বাংলাদেশের সংবিধান প্রণীত হয়?** (জ্ঞান)
ⓚ জানুয়ারি ⓚ মার্চ
● নভেম্বর ⓖ ডিসেম্বর

**৫৩. বাংলাদেশে কেমন সরকার বর্তমান রয়েছে?** [চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়]
ⓚ এককেন্দ্রিক ⓚ রাষ্ট্রপতিশাসিত
● মন্ত্রিপরিষদশাসিত ⓖ একনায়কতান্ত্রিক

**৫৪. ক্ষমতা বণ্টনের নীতির ওপর ভিত্তি করে গণতান্ত্রিক সরকারকে কত ভাগে ভাগ করা যায়?** (জ্ঞান)
● ২ ⓚ ৩ ⓖ ৪ ⓖ ৫

**৫৫. রাষ্ট্রপ্রধান কীভাবে ক্ষমতা লাভ করবেন তার ওপর ভিত্তি করে গণতান্ত্রিক সরকারকে কয়ভাগে ভাগ করা যায়?** (জ্ঞান)
● ২ ⓚ ৪ ⓖ ৫ ⓖ ৮

**৫৬. যে সরকার ব্যবস্থায় রাষ্ট্রপ্রধান উত্তরাধিকার সূত্রে ৰমতা লাভ করে তাকে কী বলে?** (জ্ঞান)
ⓚ প্রজাতন্ত্র ⓚ স্বৈরতন্ত্র
ⓖ অভিজাততন্ত্র ● নিয়মতান্ত্রিক রাজতন্ত্র

**৫৭. জনগণ তাদের পছন্দের রাজনৈতিক দল বা ব্যক্তিদের কীভাবে জয়যুক্ত করে?** (অনুধাবন)
ⓚ প্রতিযোগিতার আয়োজন করে ● নির্বাচনে ভোট দিয়ে
ⓖ এসএমএসের মাধ্যমে ⓖ ই মেইল দ্বারা

**৫৮. জনগণের নির্বাচিত প্রতিনিধিরা কীভাবে দেশ পরিচালনা করেন?** (অনুধাবন)
ⓚ দল গঠন করে ● সরকার গঠন করে
ⓖ আত্মীয় নিয়োগ করে ⓖ কর্মী নিয়োগ করে

**৫৯. একনায়কতন্ত্রে কীভাবে দেশ পরিচালিত হয়?** (অনুধাবন)
● এক দলের বা ব্যক্তির ইচ্ছায় ⓚ বহু ব্যক্তির অংশ গ্রহণে
ⓖ বহু দলের অংশ গ্রহণে ⓖ বহু পুরৰের ইচ্ছায়

**৬০. গণতন্ত্রে সার্বভৌম ক্ষমতা কার হাতে ন্যস্ত থাকে?** (জ্ঞান)
ⓚ সরকারের ⓚ রাষ্ট্রপতির
● জনগণের ⓖ প্রধানমন্ত্রীর

**৬১. পৃথিবীর অধিকাংশ দেশেই কোন ধরনের সরকার আছে?** (জ্ঞান)
ⓚ স্বৈরতান্ত্রিক ● গণতান্ত্রিক
ⓖ সামরিক ⓖ আমলাতান্ত্রিক

**৬২. কোন শাসনব্যবস্থায় শাসন বিভাগ আইন বিভাগের উপর নির্ভরশীল ও তার কাছে দায়ী থাকে?** (জ্ঞান)
ⓚ নিয়মতান্ত্রিক রাজতন্ত্র ⓚ একনায়কতন্ত্র
● মন্ত্রিপরিষদ শাসিত সরকার ⓖ রাষ্ট্রপতি শাসিত সরকার

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৩. রাষ্ট্রপ্রধানের ক্ষমতা লাভের ওপর ভিত্তি করে গণতান্ত্রিক সরকারকে বিভক্ত করা যায়—** (অনুধাবন)
i. রাজতন্ত্রে ii. প্রজাতন্ত্রে
iii. সমাজতন্ত্রে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৬৪. সরকার সম্পর্কে বলা যায়—** (অনুধাবন)
i. রাষ্ট্রের অপরিহার্য উপাদান ii. সরকারের ধরন সময়ের সাথে পরিবর্তনশীল
iii. পৃথিবীর সকল রাষ্ট্রে গণতন্ত্র বিদ্যমান

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৬৫. নির্বাচিত জনপ্রতিনিধিরা যে সকল কাজ করে থাকেন তার মধ্যে অন্যতম হলো—** (অনুধাবন)
i. বিচার বিভাগ পরিচালনা ii. দেশ পরিচালনা
iii. সরকার গঠন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓖ i, ii ও iii

**৬৬. মন্ত্রিপরিষদশাসিত শাসনব্যবস্থায় যেকোনো সময় সরকারের পতন ঘটতে পারে। কারণ এরূ প সরকারব্যবস্থা—** (উচ্চতর দৰতা)
i. সংকটকালে অনুপযোগী
ii. দীর্ঘমেয়াদি পরিকল্পনা বাস্তবায়নের ৰেত্রে অনুপযোগী
iii. দায়িত্বশীল ব্যবস্থার উপযোগী

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii


**৬৭. বাংলাদেশের সরকারব্যবস্থার প্রধান বৈশিষ্ট্য হলো—** (অনুধাবন)
i. দেশটিতে কোনো প্রদেশ নেই
ii. রাষ্ট্রপতি শাসিত সরকার বর্তমান রয়েছে
iii. জনগণ রাষ্ট্রের মালিক

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৬৮. ব্রিটেনের রাষ্ট্রপ্রধান উত্তরাধিকার সূত্রে ৰমতা লাভ করেন এবং প্রধানমন্ত্রী পার্লামেন্টের কাছে দায়ী থাকেন। অতএব ব্রিটেনে বিদ্যমান আছে–** (প্রয়োগ)
i. একনায়কতন্ত্র ii. মন্ত্রিপরিষদ শাসিত সরকার
iii. নিয়মতান্ত্রিক রাজতন্ত্র
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬৯ ও ৭০নং প্রশ্নের উত্তর দাও :**
[ইঞ্জিনিয়ারিং ইউনিভারসিটি স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা]




**৬৯. 'A' চিহ্নিত স্থানটি নিচের কোন দেশটিকে ইঙ্গিত করে?**
(ক) বাংলাদেশ ● যুক্তরাজ্য (গ) যুক্তরাষ্ট্র (ঘ) পাকিস্তান

**৭০. উক্ত দেশটির সরকারব্যবস্থার বৈশিষ্ট্য হলো–**
i. জনগণই সর্বময় ৰমতার অধিকারী
ii. উত্তরাধীকার সূত্রে রাষ্ট্র প্রধানের ৰমতা লাভ
iii. কেন্দ্র ও প্রদেশের মধ্যে ৰমতা বণ্টন হয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

## পাঠ-২ : বাংলাদেশের সংবিধানের প্রধান বৈশিষ্ট্য

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭১. কত তারিখে গণপরিষদের প্রথম অধিবেশন বসে?** (জ্ঞান)
(ক) ৩রা মার্চ ১৯৭১ (খ) ২৬ শে মার্চ ১৯৭১
(গ) ১৬ই ডিসেম্বর ১৯৭১ ● ১০ই এপ্রিল ১৯৭২

**৭২. সংবিধান প্রণয়ন কমিটির সভাপতি কে ছিলেন?** (জ্ঞান)
(ক) তোফায়েল আহমেদ (খ) তাজউদ্দিন আহম্মেদ
● ড. কামাল হোসেন (ঘ) শেখ মুজিবুর রহমান

**৭৩. কমিটি কত মাসের মধ্যে খসড়া সংবিধান প্রণয়ন করে?** (জ্ঞান)
(ক) ৩ (খ) ৪ ● ৬ (ঘ) ১০

**৭৪. খসড়া সংবিধান গণপরিষদে চূড়ান্ত অনুমোদন পায় কবে?** (জ্ঞান)
(ক) ১৬ই ডিসেম্বর ১৯৭২ ● ৪ঠা নভেম্বর ১৯৭২
(গ) ২৬ শে মার্চ ১৯৭২ (ঘ) ১০ই এপ্রিল ১৯৭২

**৭৫. আমাদের সংবিধানের প্রধান বৈশিষ্ট্য কয়টি?** (জ্ঞান)
(ক) ১২ ● ১৪ (গ) ১৬ (ঘ) ১৮

**৭৬. বাংলাদেশের সংবিধানে কয়টি মূলনীতি নির্ধারণ করা হয়েছে?** (জ্ঞান)
(ক) ২ ● ৪ (গ) ৬ (ঘ) ৮

**৭৭. বাংলাদেশের সংবিধান কী ধরনের?**
[অনুন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া; অগ্রগামী সরকারি উচ্চ বিদ্যালয়, সিলেট]
(ক) অলিখিত ● লিখিত (গ) মৌখিক (ঘ) অপরিবর্তনীয়

**৭৮. রাষ্ট্র পরিচালনার পবিত্র দলিল কোনটি?** (জ্ঞান)
(ক) স্বাধীনতা (খ) রাষ্ট্রীয় মূলনীতি (গ) গণতন্ত্র ● সংবিধান

**৭৯. কী কারণে সংবিধানকে রাষ্ট্র পরিচালনার দলিল বিবেচনা করা হয়?** (অনুধাবন)
(ক) সংবিধান রাষ্ট্র কর্তৃক লিখিত বলে
(খ) সংবিধান রাষ্ট্র কর্তৃক প্রণীত বলে
● সংবিধান অনুযায়ী রাষ্ট্র পরিচালিত হয় বলে
(ঘ) সংবিধান রাষ্ট্রের জন্য প্রণীত বলে

**৮০. বাংলাদেশ সংবিধানে কোন ধর্মকে রাষ্ট্র ধর্ম হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে?** (জ্ঞান)
(ক) বৌদ্ধ (খ) খ্রিস্টান ● ইসলাম (ঘ) হিন্দু

**৮১. প্রত্যৰ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত সংসদ সদস্যের সংখ্যা কত?**
[নোয়াখালী জিলা স্কুল]
(ক) ২০০০ জন (খ) ২৫০ জন ● ৩০০ জন (ঘ) ৩৩০ জন

**৮২. সংবিধান আমাদের কাছে পবিত্র দলিল কেন?** (অনুধাবন)
(ক) সংবিধান কমিটি প্রণয়ন করেছে বলে
● লাখো শহিদের রক্তের অক্ষরে লেখা বলে
(গ) উত্তম সংবিধান হওয়ার কারণে
(ঘ) সংবিধানে মৌলিক অধিকার স্বীকৃত বলে

**৮৩. সংবিধান কেন সংশোধন করা হয়?** (অনুধাবন)
● সময়ের প্রয়োজনে (খ) দলীয় প্রয়োজনে
(গ) স্বার্থ হাসিলের জন্য (ঘ) ভুল সংশোধনের জন্য

**৮৪. সংবিধান অনুযায়ী বাংলাদেশের নাগরিকগণ কত বছর বয়সে ভোটাধিকার প্রাপ্ত হন?** (জ্ঞান)
(ক) ১৫ ● ১৮ (গ) ২০ (ঘ) ২২

**৮৫. কোনো কারণে সংসদ ভেঙে গেলে কত দিনের মধ্যে পুনরায় নির্বাচন অনুষ্ঠিত হতে হবে?**
[ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম, লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়; মাগুরা সরকারি উচ্চ বিদ্যালয়]
(ক) ২০ (খ) ৩০ (গ) ৬০ ● ৯০

**৮৬. সংবিধান কীভাবে পরিবর্তন করা হয়?** (অনুধাবন)
(ক) রাষ্ট্রপতির ইচ্ছায় (খ) প্রধানমন্ত্রীর ভোটে
● সাংসদদের ভোটে (ঘ) স্পিকারের ইচ্ছায়

**৮৭. বাংলাদেশের সংবিধানে মোট অনুচ্ছেদ কতটি?** (উচ্চতর দৰতা)
(ক) ১০০ (খ) ১৫০ ● ১৫৩ (ঘ) ১৬০

**৮৮. হাবিব বাংলাদেশের অধিবাসী। নাগরিক হিসেবে তার পরিচয় কী?** (উচ্চতর দৰতা)
(ক) বাঙালি ● বাংলাদেশি (গ) মুসলমান (ঘ) বাঙাল

**৮৯. হিন্দু ধর্মের অনুসারী নিমাই সমান মর্যাদা ও অধিকার ভোগ করে। সংবিধানের কোন মূলনীতির কারণে তা সম্ভব হয়েছে?** (প্রয়োগ)
(ক) গণতন্ত্র ● সমাজতন্ত্র (গ) ধর্মনিরপেৰতা (ঘ) জাতীয়তাবাদ

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯০. সংবিধান প্রয়োজনে হতে পারে–** (অনুধাবন)
i. পরিবর্তিত ii. সংশোধিত
iii. বিলুপ্ত
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৯১. বাংলাদেশের সংবিধান সংশোধন হয়েছে –** (অনুধাবন)
i. প্রয়োজনে ii. গণ পরিষদ কর্তৃক
iii. ১৫ বার
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৯২. বাংলাদেশ সংবিধানের বৈশিষ্ট্য হলো–** (অনুধাবন)
i. গণপ্রজাতন্ত্রী সরকার
ii. লিখিত সংবিধান
iii. সংসদীয় পদ্ধতির সরকার
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**৯৩. কামাল, আশিষ, ড্যানিয়েল তিন বন্ধু। তারা যথাক্রমে ইসলাম, হিন্দু ও খ্রিস্ট ধর্মাবলম্বী। তিনজনেরই বয়স বিশ বছর। বাংলাদেশ সংবিধান অনুযায়ী ভোটদানের ৰেত্রে–** (প্রয়োগ)
i. ড্যানিয়েল ভোট দিতে পারবে ii. কামাল ভোট দিতে পারবে
iii. আশীস ভোট দিতে পারবে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**৯৪. বাংলাদেশের সংবিধানে নির্ধারিত রাষ্ট্র পরিচালনার মূলনীতি হলো–** (অনুধাবন)
i. জাতীয়তাবাদ
ii. সমাজতন্ত্র
iii. শিৰা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৯৫. বাংলাদেশের সংবিধান প্রণয়ন সংক্রান্ত বিষয়ে সঠিক তথ্য হলো–** (অনুধাবন)
i. ছয় মাসের মধ্যে খসড়া সংবিধান প্রণীত হয়
ii. তোফায়েল আহমেদ কমিটির সভাপতি ছিলেন
iii. ৪ঠা নভেম্বর ১৯৭২ তারিখে চূড়ান্ত অনুমোদন পায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯৬, ৯৭ ও ৯৮নং প্রশ্নের উত্তর দাও :**
নীলৰেত থেকে দাদু ইমনকে একটি সাদা মলাটের বই কিনে দিয়ে বললেন, এটি হলো রাষ্ট্র পরিচালনার চালিকাশক্তি। একটি বিল্ডিং অথবা ইমারত যেমন এর নকশা দেখে তৈরি করা হয় তেমনি এই দলিল অনুযায়ী রাষ্ট্রের শাসন ব্যবস্থা পরিচালিত হয়।

**৯৬. অনুচ্ছেদে উলিৱখিত রাষ্ট্রের দলিলকে কী বলা হয়?** (প্রয়োগ)
(ক) ম্যানিফেস্টো ● সংবিধান (গ) আইনগ্রন্থ (ঘ) ধর্মীয় গ্রন্থ

**৯৭. রাষ্ট্রের ৰেত্রে উক্ত দলিলের কাজ হলো—** (উচ্চতর দৰতা)
i. নাগরিকের অধিকার ও কর্তব্য নিশ্চিত করা
ii. স্বাধীনতা রৰা করা
iii. সরকারের বিভিন্ন বিভাগের ৰমতা বণ্টন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৯৮. এ দলিলের তাৎপর্য হলো—** (উচ্চতর দৰতা)
i. পরিবর্তনশীল বিষয়
ii. রাষ্ট্রভেদে প্রকৃতি পরিবর্তন হয়
iii. অপরিবর্তনশীল বিষয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

## পাঠ-৩ : বাংলাদেশের রাষ্ট্র পরিচালনার মূলনীতি


### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯৯. ১৯৭২ সালের সংবিধান অনুযায়ী রাষ্ট্রীয় মূলনীতি কয়টি?** (জ্ঞান)
(ক) ৩ ● ৪ (গ) ৫ (ঘ) ৬

**১০০. বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি কোনটি?** (জ্ঞান)
(ক) সংস্কৃতি (খ) ভাষা ● ঐক্য ও সংহতি (ঘ) স্বাধীনতা

**১০১. গণতন্ত্রকে রাষ্ট্রীয় মূলনীতি করার প্রধান উদ্দেশ্য কী?** (জ্ঞান)
(ক) নাগরিকের সুখ-শান্তি নিশ্চিত করা
● রাষ্ট্রের সব কাজে নাগরিকের অংশগ্রহণ নিশ্চিত করা
(গ) নির্বাচনে ভোটদানের অধিকার নিশ্চিত করা
(ঘ) সমাজ থেকে দারিদ্র্যতা ও বেকারত্ব দূর করা

**১০২. নিচে " ? " চিহ্নিত স্থানে কী বসবে?** (প্রয়োগ)




উপরের "?" চিহ্নিত স্থানে কী বসবে?
● রাষ্ট্রের মূলনীতি (খ) রাষ্ট্রের উপাদান
(গ) সরকারের কাঠামো (ঘ) সরকারের উপাদান

**১০৩. বাংলার মানুষ একই ভাষা, সাহিত্য ও সংস্কৃতিতে আবদ্ধ। এ উপাদানগুলো কোন বিষয়টির সঙ্গে সম্পৃক্ত?** (প্রয়োগ)
(ক) সমাজতন্ত্র (খ) গণতন্ত্র
● জাতীয়তাবাদ (ঘ) সাম্প্রদায়িকতা

**১০৪. বাংলাদেশের সংবিধানের মূলনীতিতে সমাজতন্ত্র অন্তর্ভুক্ত করার কারণ কী?** (উচ্চতর দৰতা)
● অর্থনৈতিক সমতা আনয়ন (খ) পুঁজিবাজারকে সমৃদ্ধকরণ
(গ) পুঁজিবাদি সংস্কার সাধন (ঘ) সমাজতন্ত্রকে সংহতকরণ

**১০৫. বাংলাদেশ ধর্মসহিষ্ণু রাষ্ট্র। এর যথার্থ কারণ হলো—** (উচ্চতর দৰতা)
● ধর্মীয় স্বাধীনতা (খ) সাম্প্রদায়িকতা
(গ) মুসলমান বেশি (ঘ) ধর্ম পালনের বিধিনিষেধ

**১০৬. সমাজতন্ত্রের বৈশিষ্ট্য কোনটি?** (অনুধাবন)
(ক) ধর্মপালনে স্বাধীনতা ● সকলের সমান সুযোগ-সুবিধা
(গ) সম্পদের ব্যক্তিমালিকানা (ঘ) সম্পদের অসম বণ্টন

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০৭. রাষ্ট্রীয় মূলনীতি হলো—** (অনুধাবন)
i. জাতীয়তাবাদ
ii. সমাজতন্ত্র
iii. গণতন্ত্র
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**১০৮. মূলনীতি হিসেবে সমাজতন্ত্রের দাবি—** (উচ্চতর দৰতা)
i. অর্থনৈতিক সমতা
ii. শোষণমুক্ত সমাজ
iii. ন্যায়ভিত্তিক সমাজ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii


**১০৯. সমাজতন্ত্রকে রাষ্ট্রের মূলভিত্তি হিসেবে গ্রহণ করা হয়েছে —** (প্রয়োগ)
i. ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার জন্য
ii. দুর্নীতিনির্মূল করার জন্য
iii. শোষণমুক্ত সমাজ প্রতিষ্ঠার জন্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১১০. "ক" রাষ্ট্রের সরকার জনগণকে রাষ্ট্রের সব কাজে অংশগ্রহণ নিশ্চিত করানোর চেষ্টা করে। উদ্দেশ্যে গঠন করতে হবে—** (উচ্চতর দৰতা)
i. ধর্মনিরপেৰ রাষ্ট্র
ii. গণতান্ত্রিক রাষ্ট্র
iii. বাংলাদেশের ন্যায় রাষ্ট্র
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১১১. ধর্মনিরপেৰতা সাম্প্রদায়িক সম্প্রীতির অন্যতম ভিত্তি। এর যথার্থ কারণ হলো—** (উচ্চতর দৰতা)
i. বিভিন্ন ধর্মাবলম্বী মানুষের সহাবস্থান
ii. সবাই একই ধর্মের অনুসারী হওয়া
iii. ধর্মীয় অনুষ্ঠান পালনের স্বাধীনতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১২, ১১৩ ও ১১৪নং প্রশ্নের উত্তর দাও :**




**১১২. ছকের 'A' চিহ্নিত স্থানে কোনটি বসবে?** (প্রয়োগ)
● রাষ্ট্রীয় মূলনীতি (খ) সংবিধান
(গ) দলিল (ঘ) বাংলাদেশ সরকার

**১১৩. উক্ত বিষয়ের ৰেত্রে প্রযোজ্য তথ্য হলো—** (উচ্চতর দৰতা)
i. অর্থনৈতিক ৰেত্রে সমতা
ii. মানবাধিকার ও ব্যক্তিস্বাধীনতার নিশ্চয়তা
iii. সার্বভৌমত্বকে বিকিয়ে দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১১৪. ছকে উলিৱখিত বিষয়ের তাৎপর্য হলো—** (উচ্চতর দৰতা)
i. জঙ্গিবাদ দমন
ii. নাগরিক পরিচয় নির্দিষ্ট করা
iii. আইনের শাসন প্রতিষ্ঠা করা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

## পাঠ-৪ : বাংলাদেশ সরকারের বিভিন্ন অঙ্গ

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১১৫. রাষ্ট্রের মূল চালিকা শক্তি কোনটি?** (জ্ঞান)
(ক) সমাজতন্ত্র (খ) গণতন্ত্র ● সরকার (ঘ) রাজনীতি

**১১৬. সরকারের কার্যাবলি সম্পাদনের জন্য এর কতটি বিভাগ রয়েছে?** (জ্ঞান)
(ক) ২ ● ৩ (গ) ৪ (ঘ) ৫

**১১৭. বাংলাদেশের সংসদ ভবন কোথায় অবস্থিত?** (জ্ঞান)
● আগারগাঁও (খ) যাত্রাবাড়ি (গ) গুলশান (ঘ) ধানমন্ডি

**১১৮. জাতীয় সংসদের মেয়াদ কত বছর?** (জ্ঞান)
(ক) ২ ● ৫ (গ) ১০ (ঘ) ১৫

**১১৯. সুপ্রিমকোর্টের কয়টি বিভাগ রয়েছে?** (জ্ঞান)
● ২ ⓚ ৩ ⓖ ৫ ⓘ ৬

**১২০. বিচার বিভাগের সর্বোচ্চ আদালত কোনটি?** (জ্ঞান)
ⓚ হাইকোর্ট ⓚ জেলা কোর্ট ⓖ জজ কোর্টে ● সুপ্রিমকোর্ট

**১২১. জাতীয় সংসদে মোট কতজন নির্বাচিত সদস্য?** (জ্ঞান)
ⓚ ৩০০ ⓚ ৩১৫ ⓖ ৩৪৫ ● ৩৫০

**১২২. জাতীয় সংসদে সংরৰিত মহিলা আসন কয়টি?** (জ্ঞান)
ⓚ ১৫ ⓚ ৩৫ ● ৫০ ⓘ ৪৫

**১২৩. সরকারকে তিনটি বিভাগে ভাগ করা হয়েছে কেন?** (অনুধাবন)
● কার্যাবলি সম্পাদনের জন্য ⓚ ক্ষমতা বণ্টনের জন্য
ⓖ অধিক লোকের কর্মসংস্থানের জন্য ⓘ ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য

**১২৪. সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণ কীভাবে নির্বাচিত হন?** (অনুধাবন)
● প্রত্যক্ষ ভোটে ⓚ পরোৰ ভোটে ⓖ গোপনীয় ভোটে একাধিক ভোটে

**১২৫. রাষ্ট্রের শাসন সংক্রান্ত কার্যাবলি যে বিভাগ পালন করে —** (অনুধাবন)
ⓚ আইন বিভাগ ● শাসন বিভাগ ⓖ বিচার বিভাগ ⓘ সুপ্রিমকোর্ট

**১২৬. স্পিকার কীভাবে নির্বাচিত করা হয়?** (প্রয়োগ)
ⓚ জনগণের ভোটে ● সাংসদদের ভোটে
ⓖ মন্ত্রীদের ভোটে ⓘ প্রধানমন্ত্রীর ভোটে

**১২৭. সজিব দেশের সর্বোচ্চ আদালত দেখেছে। সে কোন আদালত দেখেছে?** (প্রয়োগ)
ⓚ হাইকোর্ট ⓚ আপিল বিভাগ ● সুপ্রিমকোর্ট ⓘ জজ কোর্ট

**১২৮. জাতীয় সংসদ পরিচালনার দায়িত্ব পালনের ৰেত্রে গ্রহণযোগ্য—** (উচ্চতর দৰতা)
ⓚ প্রধানমন্ত্রী ⓚ সচিব ● স্পিকার ⓘ মন্ত্রীরা

**১২৯. সংসদে মহিলাদের জন্য ৫০টি সংরৰিত আসন রয়েছে। এ সংরৰিত আসন বলতে বোঝায়—** (উচ্চতর দৰতা)
ⓚ প্রত্যৰ ভোটে নির্বাচিত ● পরোৰ ভোটে নির্বাচিত
ⓖ প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ⓘ বিনা প্রতিদ্বন্দ্বিতা নির্বাচিত

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৩০. শারমিন আক্তার একজন সংসদ সদস্য। কিন্তু তিনি কোনো আসনে নির্বাচন করেননি। শারমিন আক্তারের ৰেত্রে যে বিষয়গুলো সমর্থনযোগ্য—** (উচ্চতর দৰতা)
i. প্রত্যৰ ভোটে নির্বাচিত ii. তিনি একজন নারী
iii. সংরৰিত আসনে নির্বাচিত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১৩১. "সরকার রাষ্ট্রের মূল চালিকাশক্তি"—কথাটির তাৎপর্য—** (উচ্চতর দৰতা)
i. রাষ্ট্রের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রৰা করে
ii. সরকার রাষ্ট্র পরিচালনা করে
iii. সংবিধান প্রণয়ন ও সংশোধন করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## পাঠ-৫ : সরকারের বিভিন্ন অঙ্গের কাজ

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৩২. নাগরিক অধিকার রৰায় কোনটি ভূমিকা রাখে?** (জ্ঞান)
ⓚ পুলিশ ⓚ অফিসার ● বিচার বিভাগ ⓘ আইন বিভাগ

**১৩৩. বাংলাদেশের শাসন বিভাগের প্রধান কে?** (জ্ঞান)
ⓚ প্রধানমন্ত্রী ● রাষ্ট্রপতি ⓖ পররাষ্ট্রমন্ত্রী ⓘ সচিব

**১৩৪. প্রধান বিচারপতিকে নিয়োগ দেন কে?** (জ্ঞান)
ⓚ প্রধানমন্ত্রী ⓚ সরকার ● রাষ্ট্রপতি ⓘ সভাপতি

**১৩৫. বিচার বিভাগের কাজ নয় কোনটি?** (জ্ঞান)
● আসামি গ্রেফতার ⓚ রায়প্রদান
ⓖ মোকাদ্দমা পরিচালনা ⓘ অপরাধীর শাস্তি

**১৩৬. সরকারের আয়-ব্যয় হিসাব করে কোন বিভাগ?** (জ্ঞান)
ⓚ আইন ⓚ বিচার ● শাসন ⓘ স্থানীয় সরকার

**১৩৭. শাসন বিভাগের কাজ নয় কোনটি?** (অনুধাবন)
● আইন সভার সদস্য নিয়োগ ⓚ সরকারি কর্মচারী নিয়োগ
ⓖ বিচার পতি নিয়োগ ⓘ সরকার প্রধান নিয়োগ

**১৩৮. রমজান আলী নিম্ন আদালতে বিচারে সন্তুষ্ট না হতে পারায় উচ্চ আদালতে আপিল করতে চাইলেন। তিনি কোথায় আপিল করবেন?** (অনুধাবন)
ⓚ হাইকোর্ট ⓚ জেলা কোর্ট ⓖ জর্জ কোর্ট ● সুপ্রিমকোর্ট

**১৩৯. বিচার বিভাগের কার্যক্রম নাগরিক জীবনে কী প্রভাব ফেলে?** (জ্ঞান)
ⓚ হতাশা বাড়ায় ● সুন্দর ও সহজ করে
ⓖ ভীতি সৃষ্টি করে ⓘ দুর্দশা বাড়ায়

**১৪০. সাধারণ অর্থে জনমত বলতে বোঝায়?** (অনুধাবন)
● সংখ্যাগরিষ্ঠদের মত ⓚ শিৰিত লোকের মত
ⓖ গরিব লোকদের মত ⓘ ধনী লোকের মত

**১৪১. বিদেশের সাথে স্থাপিত সম্পর্ককে কী বলে?** (অনুধাবন)
ⓚ বিদ্বেষপূর্ণ সম্পর্ক ⓚ রাজনৈতিক সম্পর্ক
● কূটনৈতিক সম্পর্ক ⓘ মৈত্রী সম্পর্ক

**১৪২. শাসন বিভাগের করণীয় কী?** (প্রয়োগ)
● স্বাধীনতা ও সার্বভৌমত্ব রৰা করা ⓚ আইন তৈরি করা
ⓖ ন্যায় বিচার প্রতিষ্ঠা করা ⓘ সংবিধান সংশোধন করা

**১৪৩. কোনটি জনকল্যাণমূলক কাজের উদাহরণ?** (প্রয়োগ)
ⓚ সন্ত্রাসী কর্মকাণ্ড চালানো ⓚ মাত্রাতিরিক্ত কর ধার্য করা
ⓖ হাসপাতাল উচ্ছেদ ● শিৰার সম্প্রসারণ

**১৪৪. দেশের শিক্ষা, কৃষি, শিল্প প্রতিষ্ঠান, ব্যবসা-বাণিজ্য নিয়ন্ত্রণ করা সরকারের কোন বিভাগের দায়িত্ব?** (জ্ঞান)
আইন বিভাগ ● শাসন বিভাগ বিচার বিভাগ জাতীয় সংসদ

**১৪৫. কোন বিভাগটি দেশের সাধারণ আইন তৈরি ও আইনের পরিবর্তন করে?** (জ্ঞান)
বিচার বিভাগ হাইকোর্ট বিভাগ ● আইন বিভাগ সংস্থাপন বিভাগ

**১৪৬. বিচার বিভাগ বিভিন্ন তদন্তমূলক কাজ করে। এর কারণ কী?** (উচ্চতর দৰতা)
● ন্যায়বিচার প্রতিষ্ঠা ⓚ আত্মতৃপ্তি
ⓖ পদোন্নতি পাওয়া ⓘ অতিরিক্ত অর্থ উপার্জন

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৪৭. আইন বিভাগের কাজ—** (অনুধাবন)
i. সংবিধান প্রণয়ন সংশোধন ii. সরকারের আয়-ব্যয় নিয়ন্ত্রণ
iii. জনমত প্রকাশ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৪৮. রাষ্ট্রপতির বিরবদ্ধে কোনো অভিযোগ উত্থাপিত হলে তা বিচার বিবেচনা করে—** (প্রয়োগ)
i. আইনসভা ii. জাতীয় সংসদ
iii. আইন বিভাগ
**নিচের কোনটি সঠিক?**
● i ⓚ ii ⓖ iii ⓘ ii ও iii

**১৪৯. আইন তৈরি ও সংশোধন বা পরিবর্তন হয়—** (প্রয়োগ)
i. জাতীয় সংসদে ii. বিচার বিভাগে
iii. আইনসভায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii


**১৫০. আইন বিভাগের কাজ হলো সরকারের আয়-ব্যয় নিয়ন্ত্রণ ও আইনের পরিবর্তন করা। বিচার বিভাগের ৰেত্রে প্রযোজ্য হলো-** (প্রয়োগ)
i. ন্যায়বিচার প্রতিষ্ঠা করা ii. জাতীয় কার্যাদি পরিচালনা
iii. অপরাধীর শাস্তি বিধান
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১৫১. ন্যায়ভিত্তিক শাসন প্রতিষ্ঠার পূর্বশর্ত হচ্ছে—** (উচ্চতর দৰতা)
i. অপরাধীর শাস্তি বিধান করা ii. প্রধানমন্ত্রীর জবাবদিহি
iii. অপরাধের সুষ্ঠু তদন্ত করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৫২. শাসন বিভাগের কার্যাবলি হলো—** (উচ্চতর দৰতা)
i. রাষ্ট্র পরিচালনা করা
ii. শান্তি-শৃঙ্খলা বজায় রাখা
iii. দেশের সার্বভৌমত্ব রৰা করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৫৩, ১৫৪ ও ১৫৫নং প্রশ্নের উত্তর দাও :**




**১৫৩. অনুচ্ছেদে উলিরখিত প্রশ্নবোধক (?) চিহ্নিত স্থানে কোনটি বসবে?** (অনুধাবন)
(ক) মন্ত্রীর কাজ (খ) সচিবালয়ের কাজ
● সরকারের কাজ (ঘ) পররাষ্ট্র মন্ত্রীর কাজ

**১৫৪. অনুচ্ছেদে প্রশ্নবোধক স্থানের ৰেত্রে প্রযোজ্য তথ্য হলো–** (উচ্চতর দৰতা)
i. সার্বভৌমত্ব রৰা করা
ii. অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করা
iii. রাষ্ট্র পরিচালনা করা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৫৫. অনুচ্ছেদের আলোকে প্রশ্নবোধক স্থানের তাৎপর্য হলো–** (উচ্চতর দৰতা)
i. নীতি বহির্ভূত কার্যক্রম পরিচালনা করা
ii. রাষ্ট্র পরিচালনায় পদৰেপ গ্রহণ
iii. শান্তি ও শৃঙ্খলা বজায় রাখা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৫৬ ও ১৫৭নং প্রশ্নের উত্তর দাও :**
অনিক জাতীয় কর মেলা ২০১৪তে বাবার সাথে অংশগ্রহণ করে। অনিক সেখানে গিয়ে বুঝতে পারে দেশের উন্নয়নে নিয়মিত কর প্রদান করা খুবই জরুরি।

**১৫৬. অনিক যে মেলায় অংশগ্রহণ করে তা সরকারের কোন অঙ্গের কাজ?** (প্রয়োগ)
আইন বিভাগ ● শাসন বিভাগ বিচার বিভাগ আইন সভা

**১৫৭. সরকারের উক্ত অঙ্গের জনকল্যাণমূলক কাজ–** (উচ্চতর দৰতা)
i. রাজস্ব ও কর আদায়
ii. ভূমি সংস্কার
iii. শিল্প প্রতিষ্ঠা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

## পাঠ-৬ : স্থানীয় সরকার

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৫৮. চেয়ারম্যানসহ জেলা পরিষদের মোট সদস্য সংখ্যা কত?** (জ্ঞান)
(ক) ১৩ জন (খ) ১৯ জন (গ) ২০ জন ● ২১ জন

**১৫৯. জেলা পরিষদের সদস্যদের মধ্যে কতজন মহিলা?** (জ্ঞান)
● পাঁচ (খ) সাত (গ) নয় (ঘ) এগারো

**১৬০. একটি ইউনিয়ন পরিষদের কতটি ওয়ার্ড থাকে?** (জ্ঞান)
(ক) ৫ ● ৯ (গ) ১২ (ঘ) ২০

**১৬১. দেশে বর্তমানে কতটি ইউনিয়ন পরিষদ আছে?** (জ্ঞান)
(ক) ২০০০ ● ৪৫৫০ (গ) ৬০৬০ (ঘ) ৭২০০

**১৬২. বর্তমানে দেশে কতটি পৌরসভা আছে?** (জ্ঞান)
(ক) ৩০০ ● ৩১৬ (গ) ৫০০ (ঘ) ৪০৯

**১৬৩. দেশে বর্তমানে মোট উপজেলা পরিষদের সংখ্যা কত?** (জ্ঞান)
(ক) ৩০৯ (খ) ৪০০ (গ) ৪০৯ ● ৪৮৭

**১৬৪. বাংলাদেশে জেলা পরিষদ আছে কতটি?** (জ্ঞান)
(ক) ৬০ ● ৬১ (গ) ৬৪ (ঘ) ৬৫

**১৬৫. জনগণের নির্বাচিত প্রতিনিধিরা কীভাবে দেশ পরিচালনা করেন?** (অনুধাবন)
(ক) দল গঠন করে (খ) সরাসরি মানুষের দ্বারে গিয়ে
● সরকার গঠন করে (ঘ) কর্মী নিয়োগ করে

**১৬৬. কীভাবে ইউনিয়ন পরিষদ গঠিত হয়?** (অনুধাবন)
(ক) একটি বিভাগ নিয়ে (খ) কয়েকটি বাড়ি নিয়ে
● কয়েকটি গ্রাম নিয়ে (ঘ) কয়েকটি মহলরা নিয়ে

**১৬৭. পৌরসভা গঠিত হয় কেন?** (অনুধাবন)
(ক) রাস্তাঘাট নির্মাণের জন্য
● শহরাঞ্চলের মানুষের সমস্যা সমাধানের জন্য
(গ) গণসচেতনতা বৃদ্ধির জন্য
(ঘ) গ্রামীণ সমস্যা দূরীকরণে

**১৬৮. স্থানীয় সরকারব্যবস্থা প্রণয়নে কেন্দ্রীয় সরকারের ওপর কী প্রভাব পড়েছে?** (প্রয়োগ)
(ক) দায়িত্ব বেড়েছে (খ) চাপ বেড়েছে
● চাপ কমেছে (ঘ) জবাবদিহিতা বেড়েছে

**১৬৯. রায়হানরা মহানগরীতে বাস করে না, তবে একটি শহর এলাকায় বসবাস করে। ওরা যে স্থানীয় সরকারের অধীন এরকম ৩১৬টি স্থানীয় সরকার বাংলাদেশে রয়েছে। রায়হানদের এলাকার স্থানীয় সরকারের নাম কী?** (প্রয়োগ)
(ক) সিটি কর্পোরেশন ● পৌরসভা
(গ) জেলা পরিষদ (ঘ) ইউনিয়ন পরিষদ

**১৭০. 'ক' ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদাধিকার বলে ইউনিয়ন পরিষদ ছাড়াও অন্য একটি স্থানীয় সরকারেরও সদস্য। তিনি অপর কোন স্থানীয় সরকারের সদস্য?** (প্রয়োগ)
● উপজেলা পরিষদ (খ) পৌরসভা
(গ) জেলা পরিষদ (ঘ) গ্রাম পরিষদ

**১৭১. স্থানীয় সরকার বাংলাদেশের শাসনব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশ। এর ফলাফল কী?** (উচ্চতর দৰতা)
(ক) এতে কেন্দ্রীয় সরকারের ওপর চাপ বাড়ে
● স্থানীয় সমস্যার সমাধান সহজ হয়
(গ) স্থানীয় লোকদের দারিদ্র্যতা দূর হয়
(ঘ) স্থানীয় পর্যায়ে নেতৃত্বের সৃষ্টি হয়

**১৭২. স্থানীয় সরকার ব্যবস্থার পরিচায়ক কোনটি?** (উচ্চতর দৰতা)
● সিটি কর্পোরেশন নির্বাচন (খ) রাজ্যসভা নির্বাচন
(গ) রাষ্ট্রপতি নির্বাচন (ঘ) প্রাদেশিক নির্বাচন

**১৭৩. বাংলাদেশে মহানগর আছে কতটি?** (জ্ঞান)
(ক) ৫ (খ) ৭ (গ) ৯ ● ১১

**১৭৪. সিটি কর্পোরেশনের প্রধানকে কী বলে?** (জ্ঞান)
(ক) চেয়ারম্যান (খ) সভাপতি ● মেয়র (ঘ) কাউন্সিলর

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৭৫. স্থানীয় সরকার গঠন করা হয়েছে–** (অনুধাবন)
i. ক্ষমতা বণ্টনের জন্য
ii. স্থানীয় পর্যায়ে শাসন পরিচালনার জন্য
iii. উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার জন্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii


**১৭৬. ইউনিয়ন পরিষদের জনস্বাস্থ্য সংক্রান্ত কাজ হলো–** (প্রয়োগ)
i. দাতব্য চিকিৎসালয় স্থাপন
ii. বিশুদ্ধ পানির ব্যবস্থা করা
iii. ময়লা, আবর্জনা ও প্রাণী জবাই নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**১৭৭. পৌরসভার মৌলিক কাজ হলো–** (প্রয়োগ)
i. বিচার সংক্রান্ত কাজ করা
ii. জনস্বাস্থ্য রৰা
iii. শিৰাসহ জনকল্যাণমূলক কাজ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**১৭৮. ইউনিয়ন পরিষদের লৰ্য ও উদ্দেশ্য হলো–** (উচ্চতর দৰতা)
i. গণসচেতনতা বৃদ্ধি
ii. গরিবদের আর্থিক সহায়তা
iii. গ্রামীণ সমস্যা দূরীকরণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের ডায়াগ্রামটি পড়ে ১৭৯ ও ১৮০নং প্রশ্নের উত্তর দাও :**



**১৭৯. ডায়াগ্রামটিতে 'O' চিহ্ন দ্বারা কী ধরনের অঞ্চল নির্দেশিত হয়?** (প্রয়োগ)
(ক) শহরাঞ্চল ● গ্রামাঞ্চল (গ) বস্তি অঞ্চল (ঘ) স্থানীয় অঞ্চল

**১৮০. 'P' –এর অন্তর্ভুক্ত হতে পারে–** (প্রয়োগ)
i. পৌরসভা
ii. সিটি কর্পোরেশন
iii. ওয়ার্ড
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮১, ১৮২ ও ১৮৩নং প্রশ্নের উত্তর দাও :**
ইতি তার বাবা–মায়ের সাথে খালার বাড়িতে বেড়াতে গিয়েছিল। ইতির খালা কয়েকটি গ্রাম নিয়ে গঠিত একটি স্থানীয় সরকারের মহিলা সদস্য। [রাজশাহী কলেজিয়েট স্কুল]

**১৮১. উক্ত স্থানীয় সরকারের প্রধানকে কী বলা হয়?**
● চেয়ারম্যান (খ) মেয়র (গ) চ্যান্সেলর (ঘ) গভর্নর

**১৮২. অনুচ্ছেদে ইতির খালা কোন স্থানীয় সরকারের সদস্য?**
(ক) উপজেলা পরিষদ (খ) জেলা পরিষদ
● ইউনিয়ন পরিষদ (ঘ) গভর্নর

**১৮৩. ইতির খালার ৰেত্রে বলা যায়–**
i. তিনি নির্বাচিত সদস্য
ii. তিনি ইউনিয়ন পরিষদের সদস্য
iii. তিনি সংরৰিত আসনের সদস্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

## পাঠ-৭ ও ৮ : স্থানীয় সরকারের কাজ

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৮৪. কোনটি ইউনিয়ন পরিষদের কাজ?** (জ্ঞান)
(ক) আবাসিক হোটেল তৈরি (খ) পার্ক স্থাপন
● জমির খাজনা আদায় (ঘ) মিলনায়তন নির্মাণ

**১৮৫. পাঁচশালা মেয়াদি উন্নয়ন পরিকল্পনা কোন সরকার করে থাকে?** (জ্ঞান)
● উপজেলা পরিষদ (খ) পৌরসভা (গ) জেলা পরিষদ ইউনিয়ন পরিষদ

**১৮৬. বাংলাদেশের গ্রামাঞ্চলে স্থানীয় সরকার ব্যবস্থা কত স্তর বিশিষ্ট্য?** (জ্ঞান)
● তিন স্তর (খ) চার স্তর (গ) পাঁচ স্তর (ঘ) ছয় স্তর

**১৮৭. কোন পরিষদ অনাথ আশ্রম নির্মাণের এখতিয়ার রাখে?** (জ্ঞান)
(ক) ইউনিয়ন পরিষদ (খ) গ্রাম পরিষদ ● জেলা পরিষদ (ঘ) উপজেলা পরিষদ

**১৮৮. পৌরসভার অনুরূ প কাজ করে কোন স্থানীয় সরকার?** (অনুধাবন)
● সিটি কর্পোরেশন (খ) জেলা পরিষদ
(গ) ইউনিয়ন পরিষদ (ঘ) উপজেলা পরিষদ

**১৮৯. স্থানীয় সরকারের সাথে কেন্দ্রীয় সরকারের সম্পর্ক কী?** (অনুধাবন)
● প্রত্যৰ নিয়ন্ত্রণমুক্ত (খ) নির্ভরশীল
(গ) জবাবদিহিমূলক (ঘ) সম্পর্ক নেই

**১৯০. স্বশাসিত ও সরকারের নিয়ন্ত্রণমুক্ত সরকার কোনটি?** (অনুধাবন)
(ক) জাতীয় সরকার (খ) সমাজতান্ত্রিক সরকার
● স্থানীয় সরকার (ঘ) সামরিক সরকার

**১৯১. সরকার বৃৰরোপণ অভিযান হাতে নিলেও আদনান ব্যক্তিগতভাবে গাছ রোপণ করে। আদনানের কাজটির সাথে তুলনীয় হলো–** (প্রয়োগ)
(ক) রাষ্ট্রীয় সরকার (খ) রাজকীয় সরকার
(গ) একনায়কতান্ত্রিক সরকার ● স্থানীয় সরকার

**১৯২. ১০ম জাতীয় সংসদের নির্বাচিত সদস্য জনাব 'A' ও 'B' একই জেলার অধিবাসী। তারা নিজ জেলার কোনটির উপদেষ্টা হবেন?** (প্রয়োগ)
(ক) রাষ্ট্রীয় সরকার (খ) রাজকীয় সরকার
(গ) একনায়কতান্ত্রিক সরকার ● স্থানীয় সরকার

**১৯৩. "স্থানীয় সরকার জনপ্রতিনিধিত্বমূলক"–উক্তিটি দ্বারা বোঝানো হয়েছে, স্থানীয় সরকার–** (উচ্চতর দৰতা)
● জনগণের কল্যাণে কাজ করে (খ) মাদক ব্যবসা সম্প্রসারণে কাজ করে
(গ) জনসংখ্যা রোধে কাজ করে (ঘ) জনগণের সাথে কাজ করে

**১৯৪. "স্থানীয় সরকার স্বশাসিত ও সরকারের প্রত্যৰ নিয়ন্ত্রণমুক্ত" – উক্তিটি দ্বারা বোঝানো হয়েছে–** (উচ্চতর দৰতা)
(ক) সার্বভৌমত্ব ● স্থানীয় সরকারের স্বাধীনতা
(গ) স্থানীয় সরকারের দুর্বলতা (ঘ) স্বৈরতান্ত্রিক মনোভাব

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৯৫. পৌরসভার কাজগুলোর মধ্যে পড়ে–** (প্রয়োগ)
i. নিকাহ নিবন্ধিত করা ii.জন্ম–মৃত্যু নিবন্ধিত করা
iii. চুরি ডাকাতি করা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৯৬. বাংলাদেশের স্থানীয় সরকারব্যবস্থা–** (অনুধাবন)
i. সরকারের নিয়ন্ত্রণমুক্ত ii. স্বশাসিত
iii. জবাবদিহি নেই
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৯৭. একটি স্থানীয় সরকারের সকল প্রতিনিধিই পরোৰভাবে নির্বাচিত। এ স্থানীয় সরকারের কাজ হলো–** (প্রয়োগ)
i. প্রশিৰণকেন্দ্র স্থাপন ii. বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ
iii. অনাথ আশ্রম নির্মাণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**১৯৮. ইউনিয়ন পরিষদের কার্যক্রমের সাথে মিল রয়েছে কোনটির?** (প্রয়োগ)
(ক) সিটি কর্পোরেশন ● উপজেলা পরিষদ
(গ) পৌরসভা (ঘ) জেলা পরিষদ

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৯৯ ও ২০০নং প্রশ্নের উত্তর দাও :**
আমান সাহেব সম্প্রতি ইউনিয়ন পরিষদের সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন।

**১৯৯. আমান সাহেব কিরূ প সরকারের প্রতিনিধি?** (প্রয়োগ)
● স্থানীয় সরকার (খ) কেন্দ্রীয় সরকার
(গ) রাষ্ট্রীয় সরকার (ঘ) প্রাদেশিক সরকার

**২০০. উক্ত সরকারের কাজ হলো–** (প্রয়োগ)
i. প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা
ii. পরিবার পরিকল্পনা কর্মসূচি গ্রহণ
iii. খাজনা ও কর আদায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

## এ অধ্যায়ের পাঠ সমন্বিত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২০১. সরকারের কার্য সম্পাদনের বিভাগ–** (অনুধাবন)
i. আইন ii. শাসন iii. বিচার
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii (গ) ii ও iii ● i, ii ও iii

**২০২. স্থানীয় সরকারের অধীন হলো–** (অনুধাবন)
i. জেলা পরিষদ ii. উপজেলা পরিষদ
iii. ইউনিয়ন পরিষদ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**২০৩. গ্রাম এলাকার স্থানীয় সরকার হিসেবে ইউনিয়ন পরিষদের মূল লৰ্য হলো–** (উচ্চতর দৰতা)
i. গণসচেতনতা বৃদ্ধি
ii. স্থানীয় পর্যায়ে নেতৃত্বের বিকাশ
iii. গ্রামীণ সমস্যা দূরীকরণ ও গ্রাম্য উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**২০৪. জনগণের সরাসরি ভোটে নির্বাচিত হয়–** (প্রয়োগ)
i. সিটি কর্পোরেশন
ii. জেলা পরিষদ
iii. পৌরসভা

**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii খ ii ও iii ঘ i, ii ও iii

২০৫. **স্থানীয় সরকারের প্রয়োজন–** (উচ্চতর দৰতা)
i. স্থানীয় পর্যায়ে শাসনকার্যে
ii. গণসচেতনতা বৃদ্ধিতে
iii. উন্নয়ন কর্মকাণ্ডে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
মধুপুর গ্রামের মিহির দাস মহাধুমধামে পূজার আয়োজন করেন। এতে গ্রামের অনেকেই সহযোগিতা করেছেন। কিন্তু গ্রামের মানুষের মধ্যে স্বার্থসংঘাত লেগেই আছে দেখে কতিপয় যুবক একটি সামাজিক সংগঠন গড়ে তোলেন। তাদের লৰ্য ভাষা সংস্কৃতির উন্নয়ন ও পারস্পরিক স্বার্থ সংঘাত দূরীকরণের মাধ্যমে 'উন্নত মধুপুর' প্রতিষ্ঠা।

ক. বাংলাদেশের সর্ংবিধান কখন গৃহীত হয়?
খ. 'জনগণ সকল ৰমতার উৎস' – ব্যাখ্যা কর।
গ. মিহির দাসের কাজের মাধ্যমে যে রাষ্ট্রীয় মূলনীতির প্রকাশ ঘটেছে তা ব্যাখ্যা কর।
ঘ. 'মধুপুর গ্রামের সামাজিক সংগঠনটি রাষ্ট্রীয় লৰ্য অর্জনে সহযোগিতা করছে' –মতামত দাও।

### ১নং প্রশ্নের উত্তর

ক. বাংলাদেশের সংবিধান গৃহীত হয় ৪ নভেম্বর ১৯৭২ সালে।

খ. একটি গণতান্ত্রিক দেশে সার্বভৌম ক্ষমতার মালিক মনে করা হয় জনগণকে। কেননা গণতান্ত্রিক রাষ্ট্রে সরকার গঠিত হয় জনগণের ভোটে। জনগণ ভোটাধিকার প্রয়োগে পছন্দমাফিক সরকার বানাতে পারে। অথবা সরকারের পদ থেকে যে কাউকে সরিয়ে দিতে পারে। এ কারণেই জনগণকে সকল ক্ষমতার উৎস বলা হয়েছে।

গ. উদ্দীপকের মিহির দাসের কাজে যে রাষ্ট্রীয় মূলনীতির প্রকাশ ঘটেছে তা হলো ধর্মনিরপেক্ষতা। ১৯৭২ সালের মূল সংবিধান এবং সংবিধানের পঞ্চদশ সংশোধনী অনুযায়ী বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি চারটি। ১. জাতীয়তাবাদ; ২. সমাজতন্ত্র; ৩. গণতন্ত্র ও ৪. ধর্মনিরপেক্ষতা। রাষ্ট্রের প্রতিটি মানুষ যেন নিজ নিজ ধর্ম পালন করতে পারে এবং কেউ যাতে অন্য কারও ধর্মপালনে বাধা না দিতে পারে সেজন্য ধর্মনিরপেক্ষতাকে রাষ্ট্রীয় মূলনীতি হিসেবে গ্রহণ করা হয়েছে। ধর্ম নিরপেক্ষতা মানে যে কেউ তার স্ব স্ব ধর্ম কোনো প্রকার বাধাবিপত্তি ছাড়াই পালন করতে পারবে। উদ্দীপকের মিহির দাস মধুপুর গ্রামে মহাধুমধামে পূজার আয়োজন করেছেন। এতে বাধা না দিয়ে সবাই সহযোগিতা করেছেন। আর এতেই ধর্মীয় নিরপেক্ষতার বাস্তব রূ প প্রকাশ পেয়েছে।

ঘ. উদ্দীপকের মধুপুর গ্রামের মানুষের মধ্যে স্বার্থসংঘাত লেগেই থাকে। এতে করে যেমন উন্নয়ন কাজ ব্যাহত হয় তেমনি দ্বন্দ্ব ও হানাহানি বৃদ্ধি পেতে থাকে। সমাজের এ অবস্থা দেখে কতিপয় যুবক একটি সামাজিক সংগঠন গড়ে তোলে। এ সংগঠনটির কয়েকটি লক্ষ্য ও উদ্দেশ্যের মধ্যে ভাষা ও সাংস্কৃতিক উন্নয়ন, পারস্পরিক স্বার্থ সংঘাত দূরীকরণ, সর্বোপরি উন্নত মধুপুর প্রতিষ্ঠা অন্যতম।
এর মাধ্যমে এ সামাজিক সংগঠনটি রাষ্ট্রীয় লক্ষ্য অর্জনে সহযোগিতা করছে। কেননা, রাষ্ট্রের অন্যতম একটি লক্ষ্য হলো সামাজিক উন্নয়ন। মানুষের মধ্যকার দ্বন্দ্ব ও সংঘাত দূরীকরণ। মধুপুরের এ সামাজিক সংগঠনটি এসব কাজকেই মূল উদ্দেশ্য হিসেবে বাস্তবায়নের চেষ্টা করে। সুতরাং বলা যায়, মধুপুর গ্রামের সামাজিক সংগঠনটি রাষ্ট্রীয় লক্ষ্য অর্জনে সহযোগিতা করছে।

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
গোলাম রব্বানী ভবানীপুর উপজেলার প্রত্যন্ত গ্রামের বাসিন্দা। তিনি তার এলাকার জনগণের ভোটে একটি স্থানীয় সংস্থার চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। তিনি এলাকাবাসীর বিশুদ্ধ পানির সমস্যা দূর করার জন্য তার এলাকায় ৫টি গভীর নলকূপ স্থাপন করেন, রাস্তাঘাট সংস্কার ও নির্মাণ করেন, গ্রামের গরিব ও মেধাবী শিৰার্থীদের বৃত্তি প্রদানের ব্যবস্থা করেন।

ক. বাংলাদেশে জেলা পরিষদের সংখ্যা কত?
খ. ধর্মনিরপেৰতা বলতে কী বুঝায়?
গ. গোলাম রব্বানীর কাজগুলো সরকারের কোন ধরনের কাজ তা ব্যাখ্যা কর।
ঘ. 'সংস্থাটির চেয়ারম্যান হিসাবে উক্ত কাজগুলো ছাড়াও গোলাম রব্বানী আরও অনেক গুরবত্বপূর্ণ কাজ করেন'– বিশেরষণ কর।

### ২নং প্রশ্নের উত্তর

ক. বাংলাদেশে জেলা পরিষদের সংখ্যা হলো ৬১টি।


খ. ধর্মনিরপেক্ষতা হলো সংবিধানের এমন একটি মূলনীতি যাতে জনগণ ধর্মমত নির্বিশেষে স্ব স্ব ধর্ম বাধাহীন ও অন্যের হস্তক্ষেপ ব্যতীত পালন করতে পারে। মূলত ধর্মনিরপেক্ষতার মূলকথা হলো যে যার ধর্ম কোনো প্রকার বাধা ছাড়াই পালন করবে।

গ. গোলাম রব্বানীর কাজগুলো সরকারের জনহিতকর ও উন্নয়নমূলক কার্যাবলির অন্তর্গত। উদ্দীপকের গোলাম রব্বানী ভবানীপুর উপজেলার বাসিন্দা। জনগণের ভোটে তিনি একটি স্থানীয় সংস্থার চেয়ারম্যান হয়েছেন। অর্থাৎ তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। ইউনিয়ন পরিষদ হলো গ্রাম এলাকার স্থানীয় সরকার। জনহিতকর কাজ থেকে শুরব করে স্থানীয় পর্যায়ের অনেক উন্নয়নমূলক কাজ করে থাকে স্থানীয় সরকার। যেমন উদ্দীপকে দেখা যায় গোলাম রব্বানী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হয়ে সরকারের জনহিতকর ও উন্নয়নমূলক কাজ করেছেন।

ঘ. গোলাম রব্বানী ভবানীপুর উপজেলার একটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হওয়ার পর তিনি নানাবিধ কার্য সম্পাদন করেন। যেমন : উদ্দীপকে দেখা যায় তিনি এলাকাবাসীর বিশুদ্ধ পানির সমস্যা দূর করার জন্য গভীর নলকূপ স্থাপন করেন। রাস্তাঘাট সংস্কার ও নির্মাণ করেন। গরিব মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করেন। তবে তার দায়িত্ব হচ্ছে ইউনিয়নের সার্বিক উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন। তাই তিনি আরও অনেক গুরবত্বপূর্ণ কাজ করেন, যেমন– ক্ষতিগ্রস্তদের সাহায্য ও পুনর্বাসনের ব্যবস্থা। ইউনিয়নের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করেন। প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা এবং পরিবার পরিকল্পনা কর্মসূচি সফল করার লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করেন। এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষা করেন। জমির খাজনা আদায় করেন। এলাকায় শান্তি ও সম্প্রীতি বজায় রাখার জন্য ছোটখাটো বিরোধ নিষ্পত্তির ব্যবস্থাও তিনি করে থাকেন।
সুতরাং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে গোলাম রব্বানী অনেক গুরবত্বপূর্ণ কাজ করেন।

## গুরুত্বপূর্ণ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –৩ ▸ নিচের ছকটি লৰ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**




ক. রাষ্ট্রের অপরিহার্য উপাদান কয়টি? ১
খ. রাষ্ট্রীয় মূলনীতি হিসাবে জাতীয়তাবাদ ধারণাটি বর্ণনা কর। ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের সরকার ব্যবস্থা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের তৃতীয় ধাপের সরকার ব্যবস্থা দুটির তুলনামূলক চিত্র বিশেরষণ কর। ৪

## ৩নং প্রশ্নের উত্তর

ক. রাষ্ট্রের অপরিহার্য উপাদান ৪টি।

খ. বাংলাদেশের সংবিধানের ৪টি রাষ্ট্রীয় মূলনীতির মধ্যে জাতীয়তাবাদ অন্যতম। একই ধরনের ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বাঙালি জাতির মধ্যে সুদৃঢ় ঐক্য সৃষ্টি করেছে। তাই সংবিধানে বলা হয়েছে, একই ভাষা ও সংস্কৃতিতে আবদ্ধ বাঙালি জাতি যে ঐক্যবদ্ধ ও সংকল্পবদ্ধ সংগ্রাম করে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অর্জন করেছে সেই ঐক্য ও সংহতি হবে বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি।

গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশে গণপ্রজাতন্ত্রী, মন্ত্রীপরিষদ শাসিত এবং এককেন্দ্রিক সরকার ব্যবস্থা বিদ্যমান।
বাংলাদেশে গণতান্ত্রিক সরকার ব্যবস্থা বিদ্যমান। গণতান্ত্রিক সরকারকে দুইভাগে ভাগ করা যায়। ১. নিয়মতান্ত্রিক রাজতন্ত্র ও ২. প্রজাতন্ত্র। এৰেত্রে বাংলাদেশ প্রজাতান্ত্রিক, কারণ এখানে জনগণ রাষ্ট্রের মালিক। প্রজাতন্ত্রকে মন্ত্রিপরিষদ শাসিত সরকার এবং রাষ্ট্রপতি শাসিত সরকার এই দুই ভাগে বিভক্ত করা যায়। তার মধ্যে বাংলাদেশ মন্ত্রিপরিষদ শাসিত। এখানে সকল শাসনতান্ত্রিক ৰমতা মন্ত্রিপরিষদের হাতে ন্যস্ত থাকে। মন্ত্রিপরিষদ, শাসিত সরকারকে আবার দুই ভাগে ভাগ করা যায়, যেমন ১. একন্দ্রিক ও ২. যুক্তরাষ্ট্রীয়। এৰেত্রে বাংলাদেশ এককেন্দ্রিক। এটির কোনো প্রদেশ নেই। কেন্দ্র থেকে সকল ৰমতা বণ্টিত ও পরিচালিত হয়।
উপরোক্ত আলোচনার পরিপ্রেৰিতে আমরা বলতে পারি বাংলাদেশ একটি গণপ্রজাতন্ত্রী, মন্ত্রিপরিষদ শাসিত এবং এককেন্দ্রিক রাষ্ট্র।

ঘ. উদ্দীপকের তৃতীয় ধাপের সরকারব্যবস্থা দুটি হলো মন্ত্রিপরিষদ শাসিত সরকার এবং রাষ্ট্রপতি শাসিত সরকার।
ৰমতা বন্টনের নীতির উপর ভিত্তি করে গণতান্ত্রিক সরকারকে দুই ভাগে ভাগ করা যায়। যেমন– এককেন্দ্রিক সরকার ও যুক্তরাষ্ট্রীয় সরকার। যে সরকারে কেন্দ্রের হাতে ৰমতা ন্যস্ত থাকে তাকে এককেন্দ্রিক সরকার বলে। অন্যদিকে যে সরকারে কেন্দ্র ও প্রদেশের হাতে ৰমতা বণ্টিত থাকে তাকে যুক্তরাষ্ট্রীয় সরকার বলে। এককেন্দ্রিক সরকারে কোনো প্রদেশ থাকে না। যুক্তরাষ্ট্রীয় সরকার প্রদেশ নিয়ে গঠিত। বাংলাদেশ শ্রীলংকা, জাপান ইত্যাদি এককেন্দ্রিক রাষ্ট্র। অপরদিকে ভারত, যুক্তরাষ্ট্র, কানাডা ইত্যাদি রাষ্ট্রে যুক্তরাষ্ট্রীয় সরকার ব্যবস্থা বিদ্যমান।

**প্রশ্ন –৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

জনাব 'ক' এমন একটি স্থানীয় সরকার প্রধান যার বর্তমান সংখ্যা ৩১৬। তিনি তার এলাকায় জনগণের স্বাস্থ্যরৰা, খাওয়ার উপযোগী পানির ব্যবস্থা ও নিষ্কাশনের জন্য পদৰেপ নেন।

ক. মৃত্যুদন্ড মওকুফ করার ৰমতা আছে কার? ১
খ. সমাজতন্ত্রকে রাষ্ট্রের একটি মূলনীতি হিসেবে গ্রহণ করা হয়েছে কেন? ২
গ. জনাব 'ক' যে স্থানীয় সরকারের প্রধান তার গঠন ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের উলিৱখিত কাজটিই কি জনাব 'ক' এর একমাত্র কাজ? তোমার উত্তরের সপৰে যুক্তি দাও। ৪

## ৪নং প্রশ্নের উত্তর

ক. মৃত্যুদণ্ড মওকুফ করার ৰমতা আছে রাষ্ট্রপতির।

খ. শোষণমুক্ত ও ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার উদ্দেশ্যে সমাজতন্ত্রকে রাষ্ট্রের একটি মূল ভিত্তি হিসেবে গ্রহণ করা হয়েছে। অর্থনৈতিক ৰেত্রে সমতা আনার মাধ্যমে সবার জন্য সমান সুযোগ–সুবিধা নিশ্চিত করাই হলো এ মূলনীতির লৰ্য।

গ. জনাব 'ক' পৌরসভার মেয়র হিসেবে স্থানীয় সরকার প্রধান। বর্তমানে দেশে ৩১৬টি পৌরসভা আছে। তিনি এলাকার জনগণের স্বাস্থ্যরৰা, খাওয়ার উপযোগী পানির ব্যবস্থা ও নিষ্কাশনের জন্য বিভিন্ন পদৰেপ গ্রহণ করেন।
শহর এলাকার স্থানীয় সরকার হিসেবে পৌরসভা গঠিত। একজন মেয়র, প্রতি ওয়ার্ড থেকে একজন করে কাউন্সিলর ও সংরৰিত আসনের মহিলা কাউন্সিলরদের নিয়ে পৌরসভা গঠিত হয়। আয়তন ও জনসংখ্যার তারতম্যের ভিত্তিতে বিভিন্ন পৌরসভার সদস্য সংখ্যা কম বা বেশি হতে পারে।

ঘ. উদ্দীপকের উলিৱখিত কাজ ছাড়া জনাব 'ক' এর আরও বহুবিধ কাজ রয়েছে। অর্থাৎ পৌরসভার মেয়র এলাকার জনগণের উন্নয়নকল্পে বহুবিধ কাজ করে থাকেন। যেমন:
অস্বাস্থ্যকর ও ভেজালযুক্ত খাদ্য বিক্রি নিয়ন্ত্রণ; শহরের পরিবেশ রৰার জন্য পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন; সুষ্ঠুভাবে ঘরবাড়ি নির্মাণের ব্যবস্থা ; সড়ক নির্মাণ, রৰণাবেৰণ এবং যানবাহন চলাচল নিয়ন্ত্রণ রাস্তার দুধারে গাছ লাগানো, পার্ক ও উদ্যান প্রতিষ্ঠা ও উন্মুক্ত প্রাঙ্গণ সংরৰণ প্রভৃতি তিনি ও তার প্রতিষ্ঠান করে থাকে।
উদ্দীপকের জনাব 'ক' পৌরসভার উন্নয়নকল্পে উপরে উলিৱখিত কাজ ছাড়াও পৌরসভায় বিভিন্ন জাতীয় দিবস উদযাপন, ত্রাণ ও পুনর্বাসন, এতিম ও দুঃস্থদের জন্য এতিমখানা পরিচালনা, লাইব্রেরি ও ক্লাব গঠন করেন। ভিৰাবৃত্তি নিরোধ, খেলাধুলার ব্যবস্থা, মিলনায়তন নির্মাণ ও সংরৰণ, জন্ম–মৃত্যু ও বিবাহ–নিবন্ধন, মহামারী ও সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ ও বিশিষ্ট অতিথিদের অভ্যর্থনা প্রদানের ব্যবস্থা করেন।

**প্রশ্ন –৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

জনাব আদনান সাহেব জনগণের প্রত্যৰ ভোটে নির্বাচিত একজন প্রতিনিধি। তার সাথে আরো যে প্রতিনিধি রয়েছে তাদের কাজ হচ্ছে জনগণের ওপর কর ধার্য করা এবং সরকারের আয়–ব্যয় নিয়ন্ত্রণ করা। অপরদিকে জনাব নাহিয়ান উক্ত কাজ যারা সঠিকভাবে বাস্তবায়ন করছে না তাদের শাস্তির ব্যবস্থা করেন।

ক. বর্তমানে দেশে কতটি ইউনিয়ন পরিষদ আছে? ১
খ. স্থানীয় সরকার প্রয়োজন কেন? ২
গ. জনাব আদনান সাহেব সরকারের যে বিভাগের সদস্য তার কাজ ব্যাখ্যা কর। ৩
ঘ. ন্যায়–বিচার প্রতিষ্ঠার ৰেত্রে নাহিয়ান সাহেবের বিভাগটির গুরবত্ব বিশেরষণ কর। ৪

## ৫নং প্রশ্নের উত্তর

ক. বর্তমানে বাংলাদেশে ৪,৪৬৬টি ইউনিয়ন পরিষদ আছে।


খ. স্থানীয় সরকার স্থানীয় পর্যায়ের নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা ও উন্নয়নে ব্যাপক কাজ করে থাকে। স্থানীয় সরকার ছাড়া সরকারের পৰে

তৃণমূল পর্যায়ের ব্যাপক কর্মকাণ্ড পরিচালনা কোনোভাবেই সম্ভব নয়। অতএব, গ্রাম–শহর নির্বিশেষে দেশের সব অঞ্চলের সম উন্নয়নের জন্য স্থানীয় সরকার প্রয়োজন বরং আরও বেশি শক্তিশালী করা প্রয়োজন।

গ. জনাব আদনান সাহেব সরকারের আইন বিভাগের সদস্য। জনগণের প্রত্যৰ ভোটে এ বিভাগের সদস্যগণ নির্বাচিত হয়ে থাকেন। আইন বিভাগ দেশের সাধারণ আইন তৈরি করে ও আইনের পরিবর্তন করে; দেশের জনমতকে প্রকাশ করে; সরকারের আয়–ব্যয় নিয়ন্ত্রণ করে। উদ্দীপকে আদনান সাহেবও অন্যান্য প্রতিনিধিরা এ কাজটি করেন বলে উলেরখ রয়েছে। এছাড়া আইন বিভাগ সংবিধান প্রণয়ন ও সংশোধন করে। রাষ্ট্রপতির বিরবদ্ধে কোনো অভিযোগ উত্থাপিত হলে আইন বিভাগ তা বিচার বিবেচনা করে। এছাড়া দেশের জাতীয় তহবিলের অভিভাবক হিসেবে দায়িত্ব পালন করে। উদ্দীপকে এ তথ্যটিও নির্দেশিত হয়েছে। সর্বোপরি আইন বিভাগ জাতীয় বাজেট অনুমোদন ও কর ধার্য করে।

ঘ. নাহিয়ান সাহেবের বিভাগটি হচ্ছে সরকারের বিচার বিভাগ। সরকারের যে অঙ্গ বা বিভাগ ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য আইন অনুযায়ী বিচার কাজ পরিচালনা করে থাকে তাকে বলা হয় বিচার বিভাগ। বাংলাদেশের বিভিন্ন বিচারালয়ের বিচারকদের নিয়ে এ বিভাগ গঠিত। এ বিভাগ দেশের আইন অনুসারে বিচার কাজ পরিচালনা করে থাকে। দুষ্টের দমন, অপরাধীর শাস্তি বিধান ও ন্যায় প্রতিষ্ঠা করে নাগরিক জীবনকে সুন্দর ও সহজ করে তোলে বিচার বিভাগ। এছাড়া বিভাগটি বিভিন্ন মামলা মোকদ্দমার মীমাংসামূলক রায় দেয়, সংবিধানের বিভিন্ন ধারা বা আইনের ব্যাখ্যা দেয়। সর্বোপরি বিচার বিভাগ দেশের সংবিধান ও নাগরিক অধিকার রৰা করে এবং বিভিন্ন ধরনের তদন্তমূলক কাজ করে।
উপরিউক্ত আলোচনা থেকে বলা যায়, ন্যায় বিচার প্রতিষ্ঠার ৰেত্রে বিচার বিভাগের গুরবত্ব অপরিসীম।

**প্রশ্ন –৬ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**




ক. সংবিধান কী? ১
খ. "সংবিধান পরিবর্তনশীল"– বাংলাদেশের সংবিধানের আলোকে ব্যাখ্যা কর। ২
গ. ছকে '?' চিহ্নিত জায়গায় কী হবে? এ উদ্দীপকে উলিরখিত মৌল রাষ্ট্রীয় নীতিগুলোর মধ্যে সমাজতন্ত্রের ব্যাখ্যা দাও। ৩
ঘ. গণতন্ত্র ও ধর্মনিরপেৰতা ব্যক্তি জীবনে ভীষণভাবে চর্চা থাকা উচিত – বিশেরষণ কর। ৪

### ▸◂ ৬নং প্রশ্নের উত্তর ▸◂

ক. সংবিধান হচ্ছে রাষ্ট্র পরিচালনার দলিল।

খ. সংবিধান কোনো অপরিবর্তনশীল বিষয় নয়। সময়ের প্রয়োজনে এটি পরিবর্তিত এবং সংশোধিত হতে পারে। দুষ্পরিবর্তনীয় হওয়া সত্ত্বেও এযাবৎ বাংলাদেশের সংবিধান মোট ১৫ বার সংশোধিত হয়েছে। সংবিধানের সর্বশেষ সংশোধনী (পঞ্চদশ) গৃহীত হয় ২০১১ সালের ৩০শে জুন। সুতরাং, সংবিধান পরিবর্তনশীল। এটিই শাশ্বত বিধান।

গ. ছকে '?' (প্রশ্নবোধক) জায়গায় রাষ্ট্রীয় মূলনীতি হবে। ১৯৭২ সালের মূল সংবিধান এবং সংবিধানের পঞ্চদশ সংশোধনী অনুযায়ী বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি চারটি। তার মধ্যে সমাজতন্ত্র মূলনীতি অন্যতম। অর্থনৈতিক ৰেত্রে সমতা আনার মাধ্যমে সবার জন্য সমান সুযোগ–সুবিধা নিশ্চিত করাই হলো সমাজতন্ত্রের মূল লৰ্য। শোষণমুক্ত ও ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার উদ্দেশ্যে সমাজতন্ত্রকে রাষ্ট্রের একটি মূল ভিত্তি হিসেবে গ্রহণ করা হয়েছে।

ঘ. উদ্দীপকের গণতন্ত্র ও ধর্মনিরপেৰতা রাষ্ট্রীয় মূলনীতি দুটি খুবই গুরবত্বপূর্ণ এবং সেগুলো ব্যক্তিজীবনে ভীষণভাবে চর্চা থাকা উচিত। কেননা গণতন্ত্র ও ধর্মনিরপেৰতা ব্যতীত একটি রাষ্ট্র ও রাষ্ট্রের জনগণ সঠিকভাবে চলতে পারে না। রাষ্ট্রের সব কাজে নাগরিকের অংশগ্রহণ নিশ্চিত করাই হলো গণতন্ত্রকে রাষ্ট্রীয় মূলনীতি করার প্রধান উদ্দেশ্য। আবার রাষ্ট্রের প্রতিটি মানুষ যেন নিজ নিজ ধর্ম পালন করতে পারে এবং কেউ যাতে অন্য কারো ধর্মপালনে বাধা না দিতে পারে সেজন্য ধর্মনিরপেৰতাকে রাষ্ট্রীয় মূলনীতি হিসেবে গ্রহণ করা হয়েছে। মূলত এ নীতিটি দেশে শান্তি ও শৃঙ্খলা নিশ্চিত করে।
মূলনীতিগুলো রাষ্ট্র পরিচালনার সকল ৰেত্রে অনুসৃত হয়। সুতরাং প্রতিটি নাগরিকের উপরে আলোচিত দুটি মূলনীতি মেনে চলা উচিত এবং ব্যক্তিজীবনে চর্চা করা উচিত।

**প্রশ্ন –৭ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

| A সংস্থা | B সংস্থা |
|---|---|
| ৪৫৫০ টি | ৩১৬টি |
| মোট সদস্য সংখ্যা ১৩ জন | মোট সদস্য অনির্দিষ্ট |

চিত্র : স্থানীয় সরকার কাঠামো

ক. বাংলাদেশের সংবিধান কত তারিখে চূড়ান্ত অনুমোদন হয়? ১
খ. জাতীয়তাবাদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উলিরখিত A সংস্থার কার্যাবলি ব্যাখ্যা কর। ৩
ঘ. 'A' ও 'B' উভয় সংস্থার মূল লৰ্য স্থানীয় পর্যায়ের উন্নয়ন বিশেরষণ কর। ৪

### ▸◂ ৭নং প্রশ্নের উত্তর ▸◂

ক. বাংলাদেশের সংবিধান ১৯৭২ সালের ৪ঠা নভেম্বর তারিখে চূড়ান্ত অনুমোদন হয়।

খ. জাতীয়তাবাদ হচ্ছে একটি রাষ্ট্রের সব মানুষের মাঝে ঐক্যবদ্ধ থাকার এক অনন্য অনুভূতি। যেমন : একই ধরনের ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বাঙালি জাতির মধ্যে সুদৃঢ় ঐক্য সৃষ্টি করেছে। তাই সংবিধানে বলা হয়েছে, একই ভাষা ও সংস্কৃতিতে আবদ্ধ বাঙালি জাতি যে ঐক্যবদ্ধ ও সংকল্পবদ্ধ সংগ্রাম করে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অর্জন করেছে সেই ঐক্য ও সংহতি হবে বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি।

গ. উদ্দীপকে উলিরখিত সংস্থাটি হলো ইউনিয়ন পরিষদ। নির্বাচিত ১জন চেয়ারম্যান, ৯টি ওয়ার্ড থেকে ৯ জন সদস্য ও সংরৰিত আসনে তিন জন মহিলা সদস্যসহ সর্বমোট ১৩ জন নিয়ে প্রতিটি ইউনিয়ন পরিষ গঠিত। দেশে বর্তমানে ৪,৫৫০টি ইউনিয়ন পরিষদ আছে।
ইউনিয়ন পরিষদ অনেক কার্যাবলি সম্পাদন করে। যেমন– ইউনিয়নের সার্বিক উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন; বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা; ৰতিগ্রস্তদের সাহায্য ও পুনর্বাসনের ব্যবস্থা; ইউনিয়নের পরিবেশ পরিষ্কার–পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা; প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা; পরিবার পরিকল্পনা কর্মসূচি সফল করার লৰ্যে গণসচেতনতা সৃষ্টি ও জন্মনিয়ন্ত্রণের বিভিন্ন উপকরণ সহজলভ্য করার ব্যবস্থা; গরিব ও মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান, বয়স্কদের শিৰাদান, নিরৰরতা দূরীকরণ ইত্যাদির ব্যবস্থা; এলাকায় শান্তি–শৃঙ্খলা রৰা; এলাকায় জমির খাজনা আদায়ের ব্যবস্থা; এলাকায় কোনো অপরাধ বা দুর্ঘটনা ঘটলে পুলিশকে জানানো এবং অপরাধের বিরবদ্ধে গণসচেতনতা

সৃষ্টি; এলাকায় শান্তি ও সম্প্রীতি বজায় রাখার জন্য ছোটখাটো বিবাদ নিষ্পত্তির ব্যবস্থা করা।

ঘ. ‘A’ সংস্থাটি হলো ইউনিয়ন পরিষদ এবং ‘B’ সংস্থাটি হলো পৌরসভা, যা বর্তমানে বাংলাদেশে ৩১৬টি আছে। আয়তন ও জনসংখ্যার তারতম্যের ভিত্তিতে বিভিন্ন পৌরসভার সদস্য সংখ্যা কম বা বেশি হতে পারে।
উদ্দীপকে উলিরখিত ইউনিয়ন পরিষদ ও পৌরসভা উভয় সংস্থার মূল লৰ্য স্থানীয় পর্যায়ের উন্নয়ন, ভিন্নতা কেবল ৰেত্রে। অর্থাৎ ইউনিয়ন পরিষদ গ্রামাঞ্চলে এবং পৌরসভা পৌর এলাকার কাজ করে।
উদ্দীপকের উলিরখিত ইউনিয়ন পরিষদ ও পৌরসভা উভয় সংস্থাটি স্থানীয় পর্যায়ে জনস্বাস্থ্য রৰা, শিৰা ও জনকল্যামূলক এবং বিচার সংক্রান্ত কাজ করে থাকে। এছাড়া স্থানীয় পর্যায়ে বিশুদ্ধ পানি সরবরাহের এবং পানি নিষকাশনের ব্যবস্থা করে থাকে। অস্বাস্থ্যকর ও ভেজালযুক্ত খাদ্য বিক্রি নিয়ন্ত্রণ করে থাকে। স্থানীয় পরিবেশ রৰা ও উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে কাজ করে থাকে। এলাকার সড়ক নির্মাণ, রৰণাবেৰণ এবং যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করে থাকে। তাছাড়া ভিৰাবৃত্তি নিরোধ, খেলাধুলার ব্যবস্থা, মিলনায়তন নির্মাণ ও সংরৰণ, জন্ম–মৃত্যু ও বিবাহ– নিবন্ধন, মহামারী ও সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ ও বিশিষ্ট অতিথিদের অভ্যর্থনা প্রদানের ব্যবস্থা করে। মোটকথা স্থানীয় পর্যায়ের উন্নয়নের মূল চাবিকাঠি হলো এই দুই সংস্থা।
সুতরাং বলা যায়, উদ্দীপকের উলিরখিত সংস্থা দুটি অর্থাৎ ইউনিয়ন পরিষদ ও পৌরসভার মূল লৰ্য স্থানীয় পর্যায়ের উন্নয়ন।

**প্রশ্ন –৮ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

জনাব শফিউল আলম মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত বাংলাদেশ সরকারের একটি বিভাগের সদস্য। তিনি সমাজের যেকোনো ব্যক্তি বা গোষ্ঠীর অপরাধ কর্মের জন্য দেশের প্রচলিত আইন প্রয়োগ করে শাস্তির বিধান করেন। এভাবে তিনি নাগরিকের অধিকার রক্ষা করে নাগরিক জীবনকে সুন্দর ও সহজ করেন।

ক. রাষ্ট্র পরিচালনার মূল দলিল কী? ১

খ. ধর্ম নিরপেক্ষতা বলতে কী বোঝায়? ২

গ. জনাব শফিউল আলম বাংলাদেশ সরকারের কোন বিভাগের সদস্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. “জনাব শফিউল আলমের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সরকারের উক্ত বিভাগ ও আইন বিভাগের পারস্পরিক নির্ভরশীলতা প্রয়োজন”—মূল্যায়ন কর। ৪

### ▸◂ ৮নং প্রশ্নের উত্তর ▸◂

ক. রাষ্ট্র পরিচালনার মূল দলিল হচ্ছে সংবিধান।

খ. ধর্মনিরপেক্ষতা হলো সংবিধানের এমন একটি মূলনীতি যাতে জনগণ ধর্মমত নির্বিশেষে স্ব স্ব ধর্ম বাধাহীন ও অন্যের হস্তক্ষেপ ব্যতীত পালন করতে পারে। মূলত ধর্মনিরপেক্ষতার মূলকথা হলো যে যার ধর্ম কোনো প্রকার বাধা ছাড়াই পালন করবে।

গ. জনাব শফিউল আলম বাংলাদেশ সরকারের বিচার বিভাগের সদস্য। সরকারের যে অঙ্গ বা বিভাগ ন্যায়বিচার অনুযায়ী বিচার কাজ পরিচালনা করে থাকে তাকে বলা হয় বিচার বিভাগ। বিচার বিভাগের সর্বোচ্চ স্তর সুপ্রিমকোর্ট। সুপ্রিমকোর্টের প্রধান হচ্ছেন ‘বাংলাদেশের প্রধান বিচারপতি’। সুপ্রিমকোর্টের বিচারপতিগণ রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হন। উদ্দীপকে জনাব শফিউল আলমও রাষ্ট্রপতি কর্তৃক নিয়োজিত। তিনি সমাজের যে কোনো ব্যক্তি বা গোষ্ঠীর অপরাধ কর্মের জন্য দেশের প্রচলিত আইন প্রয়োগ করে শাস্তির বিধান করেন। এভাবে বিচার বিভাগ কর্তৃক দুষ্টের দমন, অপরাধীর শাস্তির বিধান ও ন্যায় প্রতিষ্ঠা, নাগরিক অধিকার রৰা জীবনকে সহজ ও সুন্দর করে। সুতরাং জানব শফিউল আলম বাংলাদেশ সরকারের বিচার বিভাগের একজন বিচারপতি তথা সদস্য।

ঘ. জনাব শফিউল আলম সরকারের বিচার বিভাগের একজন সদস্য এবং বিচারপতি। শফিউল আলমের কাজ তথা বিচার বিভাগের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য আইন বিভাগের সহযোগিতা ও পারস্পরিক নির্ভরশীলতা প্রয়োজন।
আইনসভা বা জাতীয় সংসদ বাংলাদেশের সর্বোচ্চ সংস্থা যারা দেশের জন্য সাধারণ আইন তৈরি করে ও আইনের পরিবর্তন করে। আর বিচার বিভাগ সে আইন মোতাবেক তথা দেশের প্রচলিত আইন অনুসারে বিচার কাজ করে। আবার সংসদের জনপ্রতিনিধিরা যে আইন পাস করে তার ব্যাখ্যা সেই সাথে সংবিধানের বিভিন্ন ধারা বা আইনের ব্যাখ্যা প্রদানেও বিচার বিভাগ দায়বদ্ধ। এভাবে দেখা যায় নাগরিক অধিকার রৰা করার জন্য দেশের অধিবাসীদের কল্যাণে জাতীয় সংসদের যে সর্বোচ্চ অধিকার ও ৰমতা তার সফল ও বাস্তব প্রয়োগের জন্য বিচার বিভাগ সর্বোচ্চ ৰমতাপ্রাপ্ত। শফিউল আলম সুপ্রিমকোর্টের একজন বিচারপতি হওয়ায় তিনিও তার কাজের সুষ্ঠু সম্পাদনের জন্য আইন বিভাগের ওপর নির্ভরশীল। সুতরাং যথার্থই বলা যায়, সরকারের বিচার বিভাগ ও আইন বিভাগের নির্ভরশীলতা প্রয়োজন।

**প্রশ্ন – ৯ ▸ নিচের ডায়াগ্রামটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :**

| | |
|---|---|
| * নলকূপ স্থাপন | * পানি নিষকাশনের ব্যবস্থা। |
| * রাস্তাঘাট সংস্কার ও নির্মাণ | * অস্বাস্থ্যকর খাদ্য বিক্রি নিয়ন্ত্রণ। |
| * বয়স্কদের শিৰাদান | * যানবাহন চলাচল নিয়ন্ত্রণ। |
| ছক–১ | ছক–২ |

ক. কতজন সদস্য নিয়ে জাতীয় সংসদ গঠিত? ১

খ. সুপ্রিমকোর্টের গঠন প্রক্রিয়া ব্যাখ্যা কর। ২

গ. ছক–১ এ স্থানীয় সরকারের যে স্তরের চিত্র ফুটে উঠেছে তার গঠন ব্যাখ্যা কর। ৩

ঘ. ছক–২ এ এ উলিরখিত স্তরটি কীভাবে শহরাঞ্চলে স্থানীয় সরকার হিসেবে কাজ করতে পারে? মতামত দাও। ৪

### ▸◂ ৯নং প্রশ্নের উত্তর ▸◂

ক. ৩৫০ জন সদস্য নিয়ে জাতীয় সংসদ গঠিত।


খ. বাংলাদেশ সরকারের বিচার বিভাগের সর্বোচ্চ স্তর হলো সুপ্রিম কোর্ট। সুপ্রিম কোর্টের প্রধানকে ‘বাংলাদেশের প্রধান বিচারপতি’ বলা হয়। রাষ্ট্রপতি তাঁকে নিয়োগ দেন। সুপ্রিম কোর্টের রয়েছে দুটি বিভাগ। আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ। এ দুটি বিভাগের বিচারপতিগণও রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হন।

গ. ছক–১ এ গ্রামাঞ্চলের স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদের চিত্র ফুটে উঠেছে। ছক–১ এ উলিরখিত নলকূপ স্থাপন, রাস্তাঘাট সংস্কার ও নির্মাণ এবং বয়স্কদের শিৰাদান ইউনিয়ন পরিষদের কাজের অন্তর্ভুক্ত। দেশে বর্তমানে ৪,৫৫০টি ইউনিয়ন পরিষদ রয়েছে। ইউনিয়ন পরিষদ হলো গ্রাম এলাকার স্থানীয় সরকার। নির্বাচিত ১জন চেয়ারম্যান, ৯টি ওয়ার্ড থেকে ৯ জন সদস্য এবং সংরৰিত আসনে তিন জন মহিলা সদস্যসহ সর্বমোট ১৩জন নিয়ে প্রতিটি ইউনিয়ন পরিষদ গঠিত।

ঘ. ছক–২ এ শহরাঞ্চলের স্থানীয় সরকার পৌরসভার তিনটি কাজ উলিরখিত হয়েছে। যথা– পানি নিষকাশনের ব্যবস্থা, অস্বাস্থ্যকর খাদ্য বিক্রি নিয়ন্ত্রণ এবং যানবাহন চলাচল নিয়ন্ত্রণ। মূলত দেশের পৌরসভাগুলো স্থানীয় সরকার হিসেবে জনস্বাস্থ্য রৰা, শিৰা ও জনকল্যাণমূলক এবং বিচার সংক্রান্ত কাজ করে থাকে। এছাড়াও শহরাঞ্চলে পৌরসভা নানাভাবে কাজ করে। যেমন– বিশুদ্ধ পানি সরবরাহ করে, শহরের পরিবেশ রৰার জন্য পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করে, সুষ্ঠুভাবে ঘরবাড়ি নির্মাণের ব্যবস্থা করে, সড়ক নির্মাণ ও রৰণাবেৰণ করে। রাস্তার দুধারে গাছ

লাগায়, পার্ক ও উদ্যান প্রতিষ্ঠা এবং উন্মুক্ত প্রাঙ্গণ সংরবণ করে। তাছাড়া স্থানীয় সরকার হিসেবে পৌরসভা শহরাঞ্চলে বিভিন্ন জাতীয় দিবস উদযাপন, ত্রাণ ও পুনর্বাসন, এতিম ও দুঃস্থদের জন্য এতিমখানা পরিচালনা, লাইব্রেরি ও ক্লাব নির্মাণ ও সংরবণ, জন্ম মৃত্যু ও বিবাহ–নিবন্ধন, মহামারী ও সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ ও বিশিষ্ট অতিথিদের অভ্যর্থনা প্রদানও পৌরসভার কাজ। এভাবে ছক–২এ উলিরখিত স্থানীয় সরকার পৌরসভা শহরাঞ্চলে নানা ধরনের উন্নয়নমূলক কাজ করতে পারে।

**প্রশ্ন –১০ ▸ নিচের ডায়াগ্রামটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :**




ক. বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি কয়টি? ১
খ. সংবিধানকে রাষ্ট্র পরিচালনার দলিল বলা হয় কেন? ২
গ. প্রদত্ত ছকের "?" চিহ্নিত সংস্থাটির গঠন কাঠামো ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকে উলিরখিত কাজ ছাড়াও উক্ত সংস্থা আরও কার্যক্রম পরিচালনা করে কি? তোমার মতামত দাও। ৪

**▸◂ ১০নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি ৪টি।

খ. সংবিধান হচ্ছে রাষ্ট্র পরিচালনা দলিল। একটি ভবন বা ইমারত যেমন তার নকশা দেখে তৈরি করা হয় তেমনি সংবিধান অনুযায়ী রাষ্ট্রের শাসনব্যবস্থা পরিচালিত হয়। সরকার কী ধরনের হবে, নাগরিক হিসেবে আমরা কী অধিকার ভোগ করব, সরকারের বিভিন্ন বিভাগ কী বমতা ভোগ করবে তার সবকিছুই এতে লিপিবদ্ধ থাকে। আর এ জন্যই সংবিধানকে রাষ্ট্র পরিচালনার দলিল বলা হয়।

গ. প্রদত্ত ছকের "?" চিহ্নিত সংস্থাটি হচ্ছে ইউনিয়ন পরিষদ। ছকে তীর চিহ্ন দিয়ে ইউনিয়ন পরিষদের কয়েকটি কাজ চিহ্নিত করা হয়েছে, যেমন– বিচার করা, খাজনা ও কর আদায়, পরিবার পরিকল্পনা, জনস্বাস্থ্য ও জনকল্যাণমূলক কাজ। বাংলাদেশে ৪,৫৫০টি ইউনিয়ন পরিষদ রয়েছে। ইউনিয়ন পরিষদ হলো গ্রাম এলাকার স্থানীয় সরকার। নির্বাচিত ১জন চেয়ারম্যান, ৯টি ওয়ার্ড থেকে ৯জন সদস্য ও সংরবিত আসনে তিন জন মহিলা সদস্যসহ সর্বমোট ১৩ জন নিয়ে প্রতিটি ইউনিয়ন পরিষদ গঠিত।

ঘ. ছকে ইউনিয়ন পরিষদের সব কাজ উলেরখ করা হয়নি। ছকে উলিরখিত বিচার করা, খাজনা ও কর আদায়, পরিবার পরিকল্পনা, জনস্বাস্থ্য ও জনকল্যাণমূলক কাজ ছাড়াও ইউনিয়ন পরিষদ তথ্য প্রচার, শান্তিরবা, শিবা ও উন্নয়নমূলক কাজ করে থাকে। গ্রামীণ সমস্যা দূরীকরণ ও স্থানীয় পর্যায়ে নেতৃত্বের বিকাশ ও গণসচেতনতা বৃদ্ধি এর মূল লব্য। সুতরাং দেখা যায়, ইউনিয়ন পরিষদ অনেক দায়িত্ব পালন করে এবং কার্যক্রম পরিচালনা করে। যেমন– ইউনিয়নের সার্বিক উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন, বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা; বতিগ্রস্তদের সাহায্য ও পুনর্বাসনের ব্যবস্থা; ইউনিয়নের পরিবেশ পরিষ্কার–পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা; প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা, পরিবার পরিকল্পনা কর্মসূচি সফল করার লব্যে গণসচেতনতা সৃষ্টি ও জন্মনিয়ন্ত্রণের বিভিন্ন উপকরণ সহজলভ্য করার ব্যবস্থা; গরিব ও মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান, বয়স্কদের শিবাদান, নিরবরতা দূরীকরণ ইত্যাদির ব্যবস্থা, এলাকার শান্তি–শৃঙ্খলা রবা এলাকায় জমির খাজনা আদায়ের ব্যবস্থা, এলাকায় কোনো অপরাধ বা দুর্ঘটনা ঘটলে পুলিশকে জানানো এবং অপরাধের বিরবদ্ধে গণসচেতনতা সৃষ্টি; এলাকায় শান্তি ও সম্প্রীতি বজায় রাখার জন্য ছোটখাটো বিবাদ নিষ্পত্তির ব্যবস্থা করা।

**প্রশ্ন –১১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

| ‘ক’ রাষ্ট্র | ‘খ’ রাষ্ট্র |
|---|---|
| একটি স্বাধীন রাষ্ট্র<br>একজন রাষ্ট্রনায়ক<br>উপেক্ষিত জনগণের মতামত | রাষ্ট্রপ্রধান<br>নির্বাচিত জনপ্রতিনিধি দ্বারা গঠিত আইনসভা<br>সরকার প্রধান আইনসভার নিকট দায়ী<br>কেন্দ্রে সকল ক্ষমতা ও কর্তৃত্ব |

ক. রাষ্ট্রের মূল চালিকা শক্তি কী? ১
খ. রাষ্ট্রীয় মূলনীতি সমাজতন্ত্র–এর মূল লক্ষ্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ‘ক’ রাষ্ট্রটিতে কোন ধরনের সরকার ব্যবস্থা বিরাজমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. ‘খ’ রাষ্ট্রের সরকার ব্যবস্থা বাংলাদেশের অনুরূ প– মূল্যায়ন কর। ৪

**▸◂ ১১নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. রাষ্ট্রের মূল চালিকাশক্তি সরকার।

খ. বাংলাদেশের রাষ্ট্রীয় চারটি মূলনীতির একটি হচ্ছে সমাজতন্ত্র। অর্থনৈতিক ক্ষেত্রে সমতা আনার মাধ্যমে সবার জন্য সমান সুযোগ সুবিধা নিশ্চিত করাই হলো এর মূল লক্ষ্য। শোষণমুক্ত ও ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার উদ্দেশ্যে সমাজতন্ত্রকে রাষ্ট্রের একটি মূল ভিত্তি হিসেবে গ্রহণ করা হয়েছে।

গ. উদ্দীপকের ‘ক’ রাষ্ট্রটিতে একনায়কতন্ত্র সরকার ব্যবস্থা বিরাজমান। একনায়কতন্ত্র হচ্ছে এক ব্যক্তির বা এক দলের শাসন। যদিও রাষ্ট্রটি স্বাধীন, সে রাষ্ট্রের জনগণের মতামত উপেক্ষিত। সরকারে অধিষ্ঠিত ব্যক্তি বা দলের কথাই চূড়ান্ত। উদ্দীপকের ‘ক’ রাষ্ট্র এসব বৈশিষ্ট্য ধারণ করে। প্রকৃতপক্ষে রাষ্ট্রে একনায়কতন্ত্র সরকার ব্যবস্থা চালু থাকলে জনগণের অধিকার ও মতামতের স্বীকৃতি থাকে না। এখানে একনায়ক বা এক দলের ইচ্ছা অনিচ্ছা দ্বারা দেশ পরিচালিত হয়।
সুতরাং আলোচনা থেকে বুঝা যায়। উদ্দীপকের ‘ক’ রাষ্ট্রটিতে একনায়কতান্ত্রিক সরকার ব্যবস্থা বিরাজমান।

ঘ. ‘খ’ রাষ্ট্রের সরকার ব্যবস্থা বাংলাদেশ সরকার ব্যবস্থার অনুরূ প। বাংলাদেশের সরকার ব্যবস্থায় চারটি বৈশিষ্ট্য উল্লেখযোগ্য। বাংলাদেশ একটি গণতান্ত্রিক রাষ্ট্র। এদের প্রজাতান্ত্রিক সরকার বিদ্যমান রয়েছে। যাতে জনগণ রাষ্ট্রের মালিক। উদ্দীপকেও দেখা যায় ‘খ’ রাষ্ট্রে নির্বাচিত জনপ্রতিনিধি দ্বারা গঠিত আইনসভার দ্বারা রাষ্ট্রটি পরিচালিত।
আবার ‘খ’ রাষ্ট্রে সরকার প্রধান আইনসভার নিকট দায়ী। বাংলাদেশে সংসদীয় তথা মন্ত্রিপরিষদশাসিত সরকার বর্তমান, যেখানে প্রধানমন্ত্রীর ও আইন সভা তথা জাতীয় সংসদের নিকট জবাবদিহিতা ও দায়বদ্ধতা রয়েছে। আবার বাংলাদেশ এককেন্দ্রিক। এখানে কোনো প্রদেশ নেই। উদ্দীপকের ‘খ’ রাষ্ট্রটিতে কেন্দ্র সব ক্ষমতা ও কর্তৃত্ব নিহিত।
এ রাষ্ট্রের সরকার ব্যবস্থা বাংলাদেশের সরার ব্যবস্থার অনুরূ প অর্থাৎ এখানে রয়েছে মন্ত্রিপরিষদ শাসিত সরকার।



## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর



**প্রশ্ন –১২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

জনাব কুরবান আলি স্যার বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয় পড়ানোর সময় শিবার্থী জালাল সংবিধানের পরিচিতি সম্পর্কে তার নিকট জানতে চায়। স্যার শিবার্থীদের দুই দলে ভাগ করে বললেন তোমরা ‘A’ দল বিদ্যালয় বা আশেপাশের অন্য কোনো প্রতিষ্ঠানের পাঠাগার থেকে বাংলাদেশের সংবিধান সংগ্রহ করে সংবেপে এর পরিচিত লেখবে। আর B দল সংবিধানের প্রধান

বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করে দেখাবে। শিক্ষার্থীরা অনেক কষ্ট করে সংবিধানের পরিচিতি ও বৈশিষ্ট্যসমূহ লিখে স্যারকে দেখায়। স্যার সবাইকে ধন্যবাদ জানান।

?
ক. বাংলাদেশে কয়টি মহানগর রয়েছে? ১
খ. বিচার বিভাগ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের 'A' দলের সংগ্রহকৃত বাংলাদেশের সংবিধান পরিচিতি ব্যাখ্যা কর। ৩
ঘ. 'B' দলের সংগ্রহকৃত সংবিধানের বৈশিষ্ট্যেগুলোর বিশ্লেষণ কর। ৪

### ১২নং প্রশ্নের উত্তর

ক. বাংলাদেশে ১১টি মহানগর রয়েছে।


**খ.** সরকারের যে অঙ্গ বা বিভাগ ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য আইন অনুযায়ী বিচার কাজ পরিচালনা করে থাকে তাকে বলা হয় বিচার বিভাগ। বাংলাদেশের বিভিন্ন বিচারালয়ের বিচারকদের নিয়ে এ বিভাগ গঠিত। বিচার বিভাগের সর্বোচ্চ স্তর হলো সুপ্রিমকোর্ট।

**গ.** সংবিধান হলো বাংলাদেশের রাষ্ট্র পরিচালনার মূলনীতি। সংবিধানে রাষ্ট্র পরিচালনার বিভিন্ন নীতিমালা আছে এবং এসব নীতিমালার আলোকে দেশ পরিচালিত হয়। আমি আমার বিদ্যালয়ের পাঠাগার থেকে বাংলাদেশের সংবিধানটি সংগ্রহ করে দেখেছি। এখন সংক্ষেপে বাংলাদেশের সংবিধানের পরিচিতি তুলে ধরলাম।

১৯৭২ সালের ১০ই এপ্রিল গণপরিষদের প্রথম অধিবেশন বসে। এ পরিষদে ড. কামাল হোসেনকে সভাপতি করে একটি সংবিধান প্রণয়ন কমিটি গঠন করা হয়। এ কমিটি একটি খসড়া সংবিধান প্রণয়ন করে। ৩০শে অক্টোবর এটি গণপরিষদে আলোচিত হয়। অবশেষে ৪ঠা নভেম্বর ১৯৭২ সালে গণপরিষদের সকল সদস্যের সম্মতিতে বাংলাদেশের চূড়ান্ত সংবিধান গৃহীত হয়। এটি একটি লিখিত সংবিধান। এটি ১১ ভাগে বিভক্ত এবং তাতে ১৫৩টি অনুচ্ছেদ ও একটি প্রস্তাবনা আছে। সংবিধানে জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা এ চারটি রাষ্ট্রীয় মূলনীতি হিসেবে গৃহীত হয়েছে।

**ঘ.** বাংলাদেশের সংবিধান একটি উত্তম সংবিধান। বাংলাদেশের সংবিধানের প্রধান বৈশিষ্ট্যগুলো হলো :
বাংলাদেশ একটি স্বাধীন ও সার্বভৌম গণপ্রজাতন্ত্রী রাষ্ট্র হিসেবে পরিচিত হবে, এ সংবিধানে সংসদীয় পদ্ধতির সরকার ব্যববস্থা চালু থাকবে। লিখিত দলিল এটি ১১ ভাগে বিভক্ত এবং তাতে ১৫৩টি অনুচ্ছেদ ও একটি প্রস্তাবনা আছে। এভাবে সংশোধনযোগ্য সংবিধান, রাষ্ট্রীয় মূলনীতির সংরক্ষণ, বিচার বিভাগের স্বাধীনতা, রাষ্ট্রধর্ম নির্ধারণ, জাতি ও জাতীয়তা নির্ধারণ, মৌলিক অধিকারের সংরক্ষণ, জনগণের সার্বভৌমত্ব ও সর্বজনীন ভোটাধিকার সংরক্ষণ ইত্যাদি এর প্রধান বৈশিষ্ট্য।

**প্রশ্ন -১৩ ▸ নিচের চিত্রটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**




?
ক. সরকার কী? ১
খ. বাংলাদেশে কোন প্রকার সরকার প্রচলিত আছে? ২
গ. বাংলাদেশের সরকার কীভাবে গঠিত হয় উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ভিত্তি নির্ণয়পূর্বক উদ্দীপকে দেখানো সরকারের শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর। ৪

### ১৩নং প্রশ্নের উত্তর

ক. সরকার হলো রাষ্ট্র গঠনের একটি উপাদান যা রাষ্ট্রের মূল চালিকাশক্তি।

খ. বাংলাদেশে সংসদীয় পদ্ধতির গণতান্ত্রিক সরকার ব্যবস্থা প্রচলিত আছে। এ সরকার জনগণের ভোটে নির্বাচিত হয়। এখানে জনগণ সার্বভৌম ক্ষমতার উৎস।

গ. উদ্দীপকের ছকে যেসব সরকার ব্যবস্থা উল্লিখিত হয়েছে তার মধ্যে বাংলাদেশের সরকার ব্যবস্থা গণতন্ত্রের উল্লেখ রয়েছে। বাংলাদেশের সরকার একটি গণতান্ত্রিক সরকার। এ সরকার জনগণের সার্বভৌম ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে গঠিত হয়। প্রতি পাঁচ বছর পর নির্বাচনের মাধ্যমে নতুন সরকার গঠন করা হয়। জনগণের ভোটে বিজয়ী দল সরকার গঠন করে এবং পাঁচ বছরের জন্য রাষ্ট্র পরিচালনার দায়িত্ব গ্রহণ করে।

ঘ. উদ্দীপকে সরকারের শ্রেণিবিভাগের ১ম ধাপে গণতন্ত্র ও একনায়কতন্ত্র উল্লিখিত হয়েছে। সরকারকে প্রধানত গণতন্ত্র ও একনায়কতন্ত্র–এ দুভাগেই ভাগ করা যায়। গণতন্ত্রে সার্বভৌম ক্ষমতা জনগণের হাতে ন্যস্ত থাকে। এতে জনগণ সকল ক্ষমতার উৎস।
জনগণ তাদের পছন্দের রাজনৈতিক দল বা ব্যক্তিদের ভোট দিয়ে জয়যুক্ত করে। নির্বাচিত প্রতিনিধিরা সরকার গঠন করে ও দেশ পরিচালনা করে। পৃথিবীর অধিকাংশ দেশেই এ ধরনের সরকার রয়েছে। অন্যদিকে একনায়কতন্ত্র হচ্ছে এক ব্যক্তির বা এক দলের শাসন। এতে জনগণের অধিকার ও মতামতের কোনো স্বীকৃতি নেই। এখানে একনায়ক বা এক দলের ইচ্ছা–অনিচ্ছা দ্বারা দেশ পরিচালিত হয়।
উদ্দীপকে ছকের ২য় ধাপে গণতন্ত্রকে আবার দুই ভাগে বিভক্ত করা হয়েছে। মূলত রাষ্ট্রপ্রধান কীভাবে ক্ষমতা লাভ করবেন তার ওপর ভিত্তি করে গণতান্ত্রিক সরকারকে নিয়মতান্ত্রিক রাজতন্ত্র ও প্রজাতন্ত্রে বিভক্ত করা যায়। যে সরকার ব্যবস্থায় রাষ্ট্রপ্রধান উত্তরাধিকার সূত্রে ক্ষমতা লাভ করেন সেটি হলো নিয়মতান্ত্রিক রাজতন্ত্র। আর জনগণের ভোটে পরোক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত সরকারকে বলা হয় প্রজাতন্ত্র। এতে জনগণকে রাষ্ট্রের মালিক মনে করা হয়।
উল্লেখ্য বর্তমান বিশ্বের সরকারের আরও নানা ধরন রয়েছে যা উদ্দীপকে উল্লেখ করা হয়নি।

**প্রশ্ন -১৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
১৬ ডিসেম্বর ১৯৭১– চূড়ান্ত বিজয়
৪ নভেম্বর ১৯৭২– সংবিধান গৃহীত।

?
ক. সংবিধান কী? ১
খ. বাংলাদেশের সংবিধান কেন পবিত্র দলিল? ২
গ. কীভাবে উদ্দীপকে ইঙ্গিতকৃত দেশটির সংবিধান প্রণীত হলো? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সংবিধানের প্রধান বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ কর। ৪

### ১৪নং প্রশ্নের উত্তর

ক. সংবিধান হচ্ছে রাষ্ট্র পরিচালনার দলিল।

খ. সংবিধান হচ্ছে রাষ্ট্র পরিচালনার দলিল। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মতে, 'এই সংবিধান লিখিত হয়েছে লাখো শহিদের রক্তের অক্ষরে'। তাই বাংলাদেশের সংবিধান আমাদের সবার কাছে একটি পবিত্র দলিল।

গ. উদ্দীপকে আমাদের প্রাণের দেশ বাংলাদেশের কথা বলা হয়েছে। ১৯৭১ সালে দীর্ঘ নয় মাস সশস্ত্র মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে ১৬ই ডিসেম্বর আমাদের বিজয় অর্জিত হয়। আমরা পাই একটা স্বাধীন রাষ্ট্র। অতঃপর রাষ্ট্র পরিচালনার জন্য সঙ্গত কারণে একটি সংবিধান প্রণয়ন জরুরি হয়ে পড়ে। সে প্রেক্ষিতে বিভিন্ন প্রক্রিয়ার মধ্য দিয়ে বাংলাদেশের সংবিধান প্রণীত হয়।

১৯৭২ সালের ১০ই এপ্রিল গণপষিদের প্রথম অধিবেশন বসে। এতে প্রখ্যাত আইনজীবী ড. কামাল হোসেনকে সভাপতি করে একটি সংবিধান কমিটি গঠন করা হয়। কমিটি ছয় মাসের মধ্যে খসড়া সংবিধান প্রণয়ন করে। ১৯৭২ সালের ৩০শে অক্টোবর গণপরিষদে এটি আলোচিত হয়। অবশেষে একই বছরের ৪ঠা নভেম্বর গণপরিষদে এটি চূড়ান্ত অনুমোদন পায়। এভাবে বাংলাদেশের সংবিধান প্রণীত হয়।

ঘ. উক্ত সংবিধান তথা বাংলাদেশের সংবিধান বিশেষ বৈশিষ্ট্যমণ্ডিত। যথা : বাংলাদেশ একটি স্বাধীন ও সার্বভৌম গণপ্রজাতন্ত্রী রাষ্ট্র হিসেবে পরিচিত হবে। বাংলাদেশে মন্ত্রিপরিষদ শাসিত বা সংসদীয় পদ্ধতির শাসনব্যবস্থা চালু থাকবে। এটি একটি লিখিত দলিল। এতে জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা এ চারটি মূলনীতি নির্ধারণ করা হয়েছে। সংবিধানে ইসলামকে রাষ্ট্রধর্ম হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। দেশে এককেন্দ্রিক শাসনব্যবস্থা প্রবর্তিত থাকবে। সংবিধানে এক কক্ষবিশিষ্ট আইনসভায় নির্বাচিত ৩০০ জন সংসদ সদস্য ও তাদের দ্বারা নির্বাচিত ৫০ জন মহিলা সংসদ সদস্য থাকবেন। সংবিধানে নাগরিকদের মৌলিক অধিকারের ও তা সংরক্ষণের নিশ্চয়তা দেয়া হয়েছে। রাষ্ট্রীয় সকল ক্ষমতার মালিক জনগণ এবং জনগণের পক্ষে নির্দিষ্ট কর্তৃপক্ষ এ ক্ষমতা পরিচালনা করবে। সংবিধানে বিচার বিভাগের স্বাধীনতার নিশ্চয়তা দেয়া হয়েছে। সংসদ সদস্যদের মোট সংখ্যার দুই-তৃতীয়াংশ ভোটে সংবিধান সংশোধন করা যাবে।

**প্রশ্ন –১৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

অনিক সচিবালয়ে চাকরি করে। তার সহকর্মী তার বিরবদ্ধে দুর্নীতির অভিযোগ আনে। ঘটনাক্রমে সে চাকরি হারায়। পরবর্তীতে সুপ্রিমকোর্টে এর বিরবদ্ধে আপিল করে। বিচারপতি তার বিরবদ্ধে আনীত অভিযোগটি বিচার বিশেরষণের মাধ্যমে মিথ্যা প্রমাণিত হওয়ায় তাঁকে চাকরিতে বহাল রাখার রায় দেন।

ক. সুপ্রিমকোর্টের কয়টি বিভাগ রয়েছে? ১
খ. বিচার বিভাগের গঠন–কাঠামো আলোচনা কর। ২
গ. অনিক সরকারের যে বিভাগে কর্মরত তার গঠন বর্ণনা কর। ৩
ঘ. অনিকের চাকরিতে পুনর্বহাল স্বাধীন বিচার বিভাগের গুরবত্ব তুলে ধরে– তুমি কি একমত? পৰে যুক্তি দাও। ৪

**১৫নং প্রশ্নের উত্তর**

ক. সুপ্রিমকোর্টের দুইটি বিভাগ রয়েছে।

খ. সরকারের যে অঙ্গা বা বিভাগ ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য আইন অনুযায়ী বিচারকার্য পরিচালনা করে তাকেই বিচার বিভাগ বলা হয়। বাংলাদেশের বিভিন্ন বিচারালয়ের বিচারকদের নিয়ে এ বিভাগ গঠিত। বিচার বিভাগের সর্বোচ্চ স্তর হলো সুপ্রিমকোর্ট। এর প্রধানকে বাংলাদেশের প্রধান বিচারপতি বলা হয়। সুপ্রিমকোর্টের দুটি স্বতন্ত্র বিভাগ রয়েছে যেগুলো আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ নামে পরিচিত।

গ. অনিক সচিবালয়ে চাকরি করে– অর্থাৎ সে সরকারের একটি অঙ্গা শাসন বিভাগে কর্মরত। রাষ্ট্রের শাসন সংক্রান্ত কার্যাবলি পরিচালনার দায়িত্ব যে বিভাগ পালন করে তাকে শাসন বিভাগ বলে। ব্যাপক অর্থে, শাসনবিভাগ বলতে রাষ্ট্রের শাসন কাজে নিয়োজিত সকল কর্মকর্তা কর্মচারীকে বোঝায়। এ অর্থে রাষ্ট্রপ্রধান থেকে শুরু করে গ্রামের একজন চৌকিদার পর্যন্ত সকলেই শাসন বিভাগের অংশ। তবে প্রকৃত অর্থে রাষ্ট্রপ্রধান, সরকার প্রধান, মন্ত্রিপরিষদ ও সচিবালয়ের কর্মকর্তাদের নিয়ে এ বিভাগ গঠিত হয়।

ঘ. আমি একমত যে, অনিকের চাকরিতে পুনর্বহাল স্বাধীন বিচার বিভাগের গুরবত্ব তুলে ধরে । বিচার বিভাগ বিচারকদের নিয়ে তদন্ত কমিশন গঠন করে নিরপেৰ ও সঠিক রিপোর্ট প্রদান করেন। এরূ পে বিচার বিভাগ অনেক গুরবত্বপূর্ণ কার্যাদি সম্পাদন করে থাকে। বিচার বিভাগের স্বাধীনতা বলতে বোঝায় আইনের ব্যাখ্যা প্রদান ও বিচারকার্য পরিচালনার ৰেত্রে বিচারকদের স্বাধীন এবং নিরপেৰ মতামত ও ক্ষমতা প্রকাশের স্বাধীনতা। স্বাধীন বিচার বিভাগ বলতে তাই শাসন বিভাগ ও আইন বিভাগের প্রভাব ও নিয়ন্ত্রণমুক্ত বিচার ব্যবস্থাকে বোঝায়।
উদ্দীপকে দেখা যায় সচিবালয়ে কর্মরত অনিক সহকর্মীর মিথ্যা দুর্নীতির অভিযোগে চাকরি হারায়। কিন্তু সুপ্রিমকোর্ট তথা বিচার বিভাগে আপিলের রায় তাকে চাকরিতে বহাল রাখার রায় দেয়।
গণতান্ত্রিক ব্যবস্থায় বিচার বিভাগের স্বাধীনতার গুরবত্ব অনস্বীকার্য। গণতন্ত্রকে অর্থবহ করার জন্য যে শর্ত পূরণ করতে হয় বিচার বিভাগের স্বাধীনতা তার মধ্যে অন্যতম গুরবত্বপূর্ণ শর্ত। বিচার বিভাগের স্বাধীনতা ছাড়া রাষ্ট্রীয় জীবনে ন্যায়বিচার প্রতিষ্ঠা সম্ভব নয়। স্বেচ্ছাচার ও জুলুম প্রতিরোধে বিচার বিভাগের স্বাধীনতা আবশ্যক।
অতএব বলা যায়, সন্দেহাতীতভাবে ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য বিচার বিভাগের স্বাধীনতা অপরিহার্য।

**প্রশ্ন – ১৬ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

| বাংলাদেশ সরকারের অঙ্গা | কার্যাবলি |
|---|---|
| ক | আইন পরিবর্তন করা। |
| খ | দেশকে বহিঃশত্রবর হাত থেকে রৰা করা। |
| গ | অপরাধীর শাস্তি বিধান ও আইনের ব্যাখ্যা দান। |

ক. সরকারের কাজ সম্পাদনের জন্য কতটি বিভাগ রয়েছে? ১
খ. বিচার বিভাগ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বর্ণিত ‘খ’ বিভাগ দ্বারা সরকারের কোন বিভাগের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা দাও। ৩
ঘ. সরকারের একটি অঙ্গা সংগঠন হিসেবে ‘গ’ বিভাগের মূল্যায়ন কর। ৪

**১৬নং প্রশ্নের উত্তর**

ক. সরকারের কাজ সম্পদনের জন্য ৩টি বিভাগ রয়েছে।

খ. সরকারের যে বিভাগ ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্যে আইন অনুযায়ী বিচার কাজ পরিচালনা করে তাকে বিচার বিভাগ বলা হয়। বাংলাদেশের বিভিন্ন বিচারালয়ের বিচারকদের নিয়ে এ বিভাগ গঠিত। বিচার বিভাগের সর্বোচ্চ স্তর হলো সুপ্রিমকোর্ট।

গ. উদ্দীপকে বর্ণিত ‘খ’ বিভাগ দ্বারা বাংলাদেশ সরকারের শাসন বিভাগের প্রতি ইঙ্গিত করা হয়েছে।
শাসন বিভাগ আইন বিভাগ কর্তৃক প্রণীত আইন বাস্তবায়ন করে এবং সে অনুযায়ী রাষ্ট্র পরিচালনা করে। দেশের ভেতরে শান্তি-শৃঙ্খলা বজায় রাখে। বিদেশের সাথে সম্পর্ক স্থাপন করে। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব তথা প্রতিরক্ষার জন্য কাজ করে। যেমন : উদ্দীপকে বলা হয়েছে দেশকে বহিঃশত্রবর হাত থেকে রৰা করে সরকারের আয়-ব্যয়ের হিসাব প্রকাশ করে। দেশের শিৰা, শিল্প, কৃষি, ব্যবসা–বাণিজ্য, ভূমি সংস্কার রাজস্ব ও কর আদায়সহ নানা রকম জনকল্যাণমূলক কাজ করে থাকে।
উপরিউক্ত কার্যাবলি সম্পাদনের পাশাপাশি শাসন বিভাগ, আইন বিষয়ক ও বিচার সংক্রান্ত কাজ করে থাকে। শাসন বিভাগের প্রধান হিসেবে রাষ্ট্রপতি মৃত্যুদণ্ড মওকুফ করতে পারেন। এছাড়া শাসন বিভাগ নানারকম উন্নয়ন প্রকল্প গ্রহণ ও তা বাস্তবায়ন করে থাকে।

ঘ. উদ্দীপকে বর্ণিত ‘গ’ বিভাগ হচ্ছে বিচার বিভাগ। গণতন্ত্রের রৰাকবচ এবং জনগণের অধিকার রৰায় ও বিভাগের গুরবত্ব, বিচার বিভাগকে সরকারের সবচেয়ে গুরবত্বপূর্ণ অঙ্গা হিসেবে প্রমাণ করে।
সরকারের যে অঙ্গা বা বিভাগ ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য আইন অনুযায়ী বিচার কাজ পরিচালনা করে থাকে তাকে বিচার বিভাগ বলা হয়। বাংলাদেশের বিভিন্ন বিচারালয়ের বিচারকদের নিয়ে এ বিভাগ গঠিত। বিচার বিভাগ দেশের প্রচলিত আইন অনুসারে বিচার কাজ

পরিচালনা করে থাকে। দুস্টের দমন, অপরাধীর শাস্তি বিধান ও ন্যায় প্রতিষ্ঠা করে নাগরিক জীবনকে সুন্দর ও সহজ করে তোলে। বিভিন্ন মামলা-মোকদ্দমার মীমাংসামূলক রায় দেয়। অপরাধীর শাস্তি বিধান করে এবং সংবিধানের বিভিন্ন ধারা বা আইনের ব্যাখ্যা দেয়। উদ্দীপকে 'গ' বিভাগের কার্যাবলিতে এ ধাপ দুইটি উলিরখিত হয়েছে। এছাড়া বিচার বিভাগ দেশের সংবিধান ও নাগরিক অধিকার রক্ষা করে এবং বিভিন্ন ধরনের তদন্তমূলক কাজ করে। সুতরাং উপরিউক্ত আলোচনার পরিপ্রেৰিতে আমরা বলতে পারি যে, 'গ' বিভাগ তথা বিচার বিভাগ সরকারের সর্বাধিক গুরবত্বপূর্ণ অঙ্গ সংগঠন।

**প্রশ্ন -১৭ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

নাফিসা ও মারিয়া দুই বোন। দুজনেই জনকল্যাণমূলক কাজ করতে খুবই আগ্রহী। এমনকি তারা স্থানীয় সরকারের প্রতিনিধিও। নাফিসা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মারিয়া পৌর মেয়র। তারা সরকারি কর্মকাণ্ডের পাশাপাশি জনসাধারণের জন্য সবসময় নিবেদিত প্রাণ। ফলে সমাজের সকলে তাদের প্রশংসায় পঞ্চমুখ। সম্প্রতি সরকার তাদের কর্মকাণ্ডের জন্য পুরস্কৃত করেন ও প্রশংসিত করেন।

ক. বর্তমানে দেশে ইউনিয়ন পরিষদ কয়টি? ১
খ. উপজেলা পরিষদের কাজ কী? ২
গ. মারিয়ার দ্বারা জনগণ ও সমাজ কিরূপ উপকৃত হচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নাফিসার কার্যাবলি বিশ্লেষণ কর। ৪

**১৭নং প্রশ্নের উত্তর**

ক. দেশে বর্তমানে ৪,৫৫০টি ইউনিয়ন পরিষদ আছে।

খ. উপজেলা পরিষদের কাজ অনেকাংশে ইউনিয়ন পরিষদের কাজের মতো। উপজেলা পরিষদ পাঁচশালাসহ বিভিন্ন মেয়াদি উন্নয়ন পরিকল্পনা তৈরি করে। সরকারের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন, তত্ত্বাবধান ও তার সমন্বয়সাধন করে। বিভিন্ন ইউনিয়নের মধ্যে সংযোগকারী রাস্তা নির্মাণ ও রৰণাবেৰণ করে।


গ. উদ্দীপকের মারিয়ার দ্বারা জনগণ ও সমাজ অনেক উপকৃত হচ্ছে। পৌরসভা মেয়র হিসেবে মারিয়া বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন, ত্রাণ ও পুনর্বাসন, এতিম ও দুঃস্থদের জন্য এতিমখানা পরিচালনা, লাইব্রেরি ও ক্লাব গঠন করেন। ভিৰাবৃত্তি নিরোধ, খেলাধুলার ব্যবস্থা, মিলনায়তন ও সংরৰণ, জন্ম-মৃত্যু ও বিবাহ-নিবন্ধন, মহামারী ও সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ ও বিশিস্ট অতিথিদের অভ্যর্থনা প্রদানের ব্যবস্থাও তিনি করে থাকেন। তার এসব দায়িত্ব পালনের ফলে জনগণ ও সমাজ উপকৃত হচ্ছে। এলাকার উন্নয়নে তিনি ভালো অবদান রাখতে পারছেন।

ঘ. উদ্দীপকের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তিনি বহুবিধ কাজ করে থাকেন।

ইউনিয়নের সার্বিক উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন; বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা করা; ৰতিগ্রস্তদের সাহায্য ও পুনর্বাসনের ব্যবস্থা করা; ইউনিয়নের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করা; প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা; পরিবার-পরিকল্পনা কর্মসূচি সফল করার লৰ্যে গণসচেতনতা সৃষ্টি ও জন্মনিয়ন্ত্রণের বিভিন্ন উপকরণ সহজলভ্য করার ব্যবস্থা করা; গরিব ও মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান, বয়স্কদের শিৰাদান, নিরৰরতা দূরীকরণ ইত্যাদির ব্যবস্থা করা; এলাকায় শান্তি-শৃঙ্খলা রৰা করা; এলাকায় জমির খাজনা আদায়ের ব্যবস্থা করা; এলাকায় কোনো অপরাধ বা দুর্ঘটনা ঘটলে পুলিশকে জানানো এবং অপরাধের বিরবদ্ধে গণসচেতনতা সৃষ্টি ইত্যাদি নাফিসার কার্যাবলির আওতায় পড়ে।

পরিশেষে উদ্দীপক অনুসারে বলা যায়, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে নাফিসার সফল কর্মকাণ্ডের জন্য সরকার তাঁকে পুরস্কৃত ও প্রশংসিত করে।

**প্রশ্ন -১৮ ▸ নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**




ক. বাংলাদেশের রাষ্ট্র পরিচালনার মূলনীতি কয়টি? ১
খ. বাংলাদেশে রাষ্ট্রীয় মূলনীতি প্রণয়ন করা হয়েছে কেন? ২
গ. তুমি কীভাবে iv নং ভোগ করবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকে উল্লিখিত i, ii, iii নং রাষ্ট্রীয় মূলনীতিগুলো বিশ্লেষণ কর। ৪

**১৮নং প্রশ্নের উত্তর**

ক. বাংলাদেশের রাষ্ট্র পরিচালনার মূলনীতি চারটি।

খ. রাষ্ট্র হিসেবে বাংলাদেশ একটি প্রতিষ্ঠান। তাই এরও রয়েছে চারটি মূলনীতি। মূলত রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে অনুসরণের জন্যই এ মূলনীতিগুলো প্রণয়ন করা হয়েছে। তাই প্রতিটি নাগরিকের এগুলো মেনে চলা উচিত।

গ. উদ্দীপকের ছকে বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতির অন্যতম 'ধর্মনিরপেৰতা' iv নং ঘরে সন্নিবেশিত হয়েছে। রাষ্ট্রের প্রতিটি মানুষ যেন নিজ নিজ ধর্ম পালন করতে পারে এবং কেউ যাতে অন্য কারো ধর্মপালনে বাধা না দিতে পারে সেজন্য ধর্ম নিরপেক্ষতাকে রাষ্ট্রীয় মূলনীতি হিসেবে গ্রহণ করা হয়েছে। বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতিতে ধর্মনিরপেক্ষতা একটি অন্যতম দিক। এ নীতিতে নাগরিকের ধর্ম পালনের অধিকার দেয়া হয়েছে। ধর্মনিরপেক্ষতা অনুযায়ী আমি অন্য ধর্মের হস্তক্ষেপ ব্যতীত নিজ ধর্ম অবাধে পালন করব। এবং সাথে সাথে অন্য ধর্মাবলম্বীদের ধর্ম পালনে বাধা প্রদান করব না। অর্থাৎ নিজ ধর্ম কর্মে প্রতিষ্ঠিত থাকব অন্য ধর্মের হস্তক্ষেপ মুক্ত থেকে। রাজনীতির নামে ধর্মের অপব্যবহার বন্ধ করে ধর্ম নিরপেক্ষতাকে অবলম্বন করব। এভাবে আমি বাংলাদেশ সরকারের গৃহীত অন্যতম রাষ্ট্রীয় মূলনীতি ধর্মনিরপেক্ষতার অধিকার ভোগ করব।

**ঘ.** ১৯৭২ সালের মূল সংবিধান এবং সংবিধানের পঞ্চদশ সংশোধনী অনুযায়ী বাংলাদেশ সরকারের ৪টি রাষ্ট্রীয় মূলনীতি হলো জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। তন্মধ্যে উদ্দীপকের ছকে সন্নিবেশিত i, ii ও iii নং মূলনীতিগুলো হচ্ছে জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র।

i. একই ভাষা ও সংস্কৃতিতে আবদ্ধ বাঙালি জাতি যে ঐক্যবদ্ধ ও সংকল্পবদ্ধ সংগ্রাম করে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অর্জন করেছে সে ঐক্য ও সংহতি হবে বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি।


ii. শোষণমুক্ত ও ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার উদ্দেশ্যে সমাজতন্ত্রকে রাষ্ট্রের একটি মূলভিত্তি হিসেবে গ্রহণ করা হয়েছে।

iii. রাষ্ট্রের সব কাজে নাগরিকের অংশগ্রহণ নিশ্চিত করাই হলো গণতন্ত্রকে রাষ্ট্রীয় মূলনীতি করার একটি প্রধান উদ্দেশ্য।

উপরিউক্ত মূলনীতিগুলো রাষ্ট্র পরিচালনার সকল ক্ষেত্রে অনুসৃত হয়। তাই প্রতিটি নাগরিকের এগুলো মেনে চলা উচিত।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন–১৯ ▸**




ক. রাষ্ট্রের মূল চালিকাশক্তি কোনটি? ১

খ. জাতীয়তাবাদ বলতে কী বোঝায়? ২

গ. ছকের "?" চিহ্নিত স্থানে কোনটি বসবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের জাতীয় সংসদ উক্ত বিভাগগুলোর মধ্যে কোনটির সাথে সম্পর্কিত? বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন–২০ ▸** আমির চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অধিবাসী। সে শিৰিত সচেতন এবং রাষ্ট্রের প্রতি দায়িত্বশীল। সে সংবিধান মেনে চলতে আপ্রাণ চেষ্টা করে।

ক. বাংলাদেশের সংবিধান কখন গৃহীত হয়? ১

খ. ধর্মনিরপেক্ষতা বলতে কী বোঝ? ২

গ. আমিরের এলাকার স্থানীয় সরকার কী কী উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করে? বর্ণনা করে। ৩

ঘ. তুমি কী মনে কর, বাংলাদেশের নাগরিক হিসেবে আমিরের মতো হওয়া উচিত। উত্তরের সপৰে যুক্তি দাও। ৪

**প্রশ্ন–২১ ▸** বাংলাদেশের শাসনব্যবস্থা পরিচালিত হয় ধাপে ধাপে। স্বাধীনতার পর থেকেই এটি বিকশিত হয়েছে। দুটি ধারায় শাসনব্যবস্থা গড়ে উঠেছে। স্থানীয় পর্যায়ের সমস্যার সমাধান এবং উন্নয়নের লৰ্যে এক ধরনের শাসন ব্যবস্থা গড়ে উঠেছে।


ক. দেশের ইউনিয়ন পরিষদের সংখ্যা কত? ১

খ. ইউনিয়ন পরিষদের কার্যাবলি আলোচনা কর। ২

গ. উদ্দীপকে উলিরখিত দেশের স্বাধীনতার পর থেকে কোন ধরনের শাসনব্যবস্থা গড়ে উঠেছে ? এর গুরবত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত দেশের যে দুইটি ধারার শাসনব্যবস্থার কথা বলা হয়েছে তা বিশেরষণ কর। ৪

**প্রশ্ন–২২ ▸**




ক. বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি কয়টি? ১

খ. জাতীয়তাবাদ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত সরকারের মধ্যে বাংলাদেশের কোন ধরনের সরকার ব্যবস্থা প্রচলিত? এর বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩

ঘ. উল্লিখিত সরকারদ্বয়ের মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪

**প্রশ্ন–২৩ ▸** গাইবান্ধা জেলা প্রশাসকের কার্যালয়ে এক সেমিনারে স্থানীয় সরকার ও পলরী উন্নয়ন শীর্ষক আলোচনায় জেলা প্রশাসক স্থানীয় সরকার কাঠামো সম্পর্কে বক্তৃতা দানকালে বলেন, বাংলাদেশে গ্রাম ও শহরাঞ্চলে স্থানীয় সরকার কাঠামো বিকশিত হয়েছে। বিশ্বের প্রত্যেক দেশে স্থানীয় সরকার আছে। স্থানীয় সরকার স্থানীয় সমস্যার সমাধানে কাজ করে থাকে।

ক. বাংলাদেশের সংবিধান প্রণীত হয় কত সালে? ১

খ. গণতন্ত্র বলতে কী বোঝ? ২

গ. জেলা প্রশাসকের বক্তব্যের আলোকে সরকার কাঠামো ছকের মাধ্যমে দেখাও। ৩

ঘ. স্থানীয় সমস্যার সমাধানে জেলা প্রশাসকের বক্তব্যের সাথে তুমি কি একমত। যুক্তি দাও। ৪

## অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –২৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

জনাব আবদুলরাহ শিৰার্থীদের বললেন সরকার রাষ্ট্রের চালিকাশক্তি। সরকারের মাধ্যমেই রাষ্ট্র তার যাবতীয় কাজ সম্পাদন করে। কাজগুলো সম্পাদনের জন্য বিভিন্ন বিভাগ রয়েছে। সরকারের এ বিভাগগুলোর রূ পরেখাও রয়েছে। ১৯৭১ সালেও এরূ প সরকার গঠন করা হয়েছিল। এ সরকারের নেতৃত্বেই মুক্তিযুদ্ধ সংঘঠিত এবং বাংলাদেশ শত্রবমুক্ত হয়। এ সরকারের নাম দেওয়া হয় মুজিবনগর সরকার। এ সরকার বর্তমান সরকারের ন্যায় বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে। (২য় ও ৭ম অধ্যায়)

ক. সকল ৰমতার মূল উৎস কারা? ১

খ. স্থানীয় সরকার প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বাংলাদেশ সরকারের বিভিন্ন অঙ্গের রূ পরেখার একটি তুলনামূলক সংৰিপ্ত প্রতিবেদন তৈরি কর। ৩

ঘ. তুমি কি মনে কর মুজিবনগর সরকার বর্তমান সরকারের কাজের দিশারি? মতামত দাও। ৪

### ▸◂ ২৪নং প্রশ্নের উত্তর ▸◂

ক. সকল ৰমতার মূল উৎস জনগণ।

খ. স্থানীয় সরকার স্থানীয় পর্যায়ের জনহিতকর ও উন্নয়নমূলক অনেক কাজ করে থাকে। স্থানীয় সরকার ছাড়া তৃণমূল পর্যায়ের ব্যাপক কর্মকাণ্ড পরিচালনা কোনোভাবেই সম্ভব নয়। তাই স্থানীয় সরকারের প্রয়োজনীয়তা অপরিসীম।

গ. উদ্দীপকে বাংলাদেশের বর্তমান সরকারের বিভিন্ন অঙ্গের রূ পরেখার ইঙ্গিত করা হয়েছে।

বাংলাদেশ সরকারের তিনটি অঙ্গ বা বিভাগ রয়েছে। যেমন– আইন বিভাগ, শাসন বিভাগ ও বিচার বিভাগ।

আইন বিভাগ দেশের প্রয়োজনীয় আইন প্রণয়ন, কোনো কোনো আইন পরিবর্তন বা পরিবর্ধন করে। জাতীয় সংসদ এ দায়িত্ব পালন করে। সাংসদদের নিয়ে গঠিত হয় আইন বিভাগ। আইন বিভাগ

প্রণীত নীতি, আদেশ অনুসারে রাষ্ট্রের শাসন সংক্রান্ত যাবতীয় কার্যাবলি পরিচালনার দায়িত্বে রয়েছে শাসন বিভাগ। রাষ্ট্রের শাসন কার্যে নিয়োজিত সব কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে এ বিভাগ গঠিত। আর বিচার বিভাগ ন্যায়বিচার প্রতিষ্ঠার কাজে নিয়োজিত। বাংলাদেশের বিভিন্ন বিচারালয়ের বিচারকদের নিয়ে এ বিভাগ গঠিত। বিচার বিভাগের সর্বোচ্চ স্তর হলো সুপ্রিম কোর্ট। এর প্রধান হলেন বাংলাদেশের প্রধান বিচারপতি।

ঘ. আমি মনে করি মুজিবনগর সরকার বর্তমান সরকারের কাজের দিশারি। কারণ ১৯৭১ সালের ১০ই এপ্রিল গঠিত হয় মুজিবনগর সরকার বা বাংলাদেশ সরকার। এই সরকার শপথ গ্রহণ করে ১৯৭১ সালের ১৭ই এপ্রিল। মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। উপরাষ্ট্রপতি ছিলেন সৈয়দ নজরুল ইসলাম। প্রধানমন্ত্রী ছিলেন তাজউদ্দিন আহমদ। অন্য তিনজন মন্ত্রী ছিলেন অর্থমন্ত্রী এম. মনসুর আলী, স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী এএইচএম কামরুজ্জামান, পররাষ্ট্র ও আইনমন্ত্রী খন্দকার মোশতাক আহমদ। মুজিবনগর সরকার সুষ্ঠু ও পরিকল্পিতভাবে মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য ব্যাপক পরিকল্পনা গ্রহণ করে। মুজিবনগর সরকারের মূলমন্ত্রে উজ্জীবীত হয়ে বর্তমান সরকার তার দপ্তর বণ্টনভিত্তিক করে যাবতীয় কার্যক্রম পরিচালনা করছে।

মুজিবনগর সরকার বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর সৃষ্টি করে তাদের বেসামরিক কার্যক্রম পরিচালনা করতে থাকে। বাংলাদেশকে ১১টি প্রশাসনিক অঞ্চলে বিভক্ত করে সংশিরষ্ট এলাকার সংসদ সদস্য বা আওয়ামী লীগ নেতাদের অঞ্চলগুলোর দায়িত্ব দেয়া হয়। আর '৭১ এর সে সময়টিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ ছিল মুক্তিযুদ্ধকে সাফল্যের দিকে পরিচালনা করা। মুজিবনগর সরকারের পর থেকে দায়িত্ব প্রাপ্ত মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কর্নেল এমএজি ওসমানীর নেতৃত্বে ১১টি সেক্টরে যুদ্ধ পরিচালিত হয়।

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ◘ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ বাংলাদেশের সংবিধান প্রণীত হয় ১৯৭২ সালের কোন মাসে?**
**উত্তর :** বাংলাদেশের সংবিধান প্রণীত হয় ১৯৭২ সালের নভেম্বর মাসে।

**প্রশ্ন ॥ ২ ॥ বাংলাদেশে কোন ধরনের সরকার ব্যবস্থা বর্তমানে বিদ্যমান?**
**উত্তর :** বাংলাদেশে বর্তমানে মন্ত্রিপরিষদ শাসিত সরকার ব্যবস্থা বিদ্যমান।

**প্রশ্ন ॥ ৩ ॥ সংবিধান রাষ্ট্র পরিচালনার কী?**
**উত্তর :** সংবিধান রাষ্ট্র পরিচালনার দলিল।

**প্রশ্ন ॥ ৪ ॥ বাংলাদেশের স্বাধীনতা ঘোষিত হয় কত তারিখে?**
**উত্তর :** বাংলাদেশের স্বাধীনতা ঘোষিত হয় ১৯৭১ সালের ২৬ মার্চ।

**প্রশ্ন ॥ ৫ ॥ বাংলাদেশের আইনসভা কয় কক্ষবিশিষ্ট?**
**উত্তর :** বাংলাদেশের আইনসভা এক কক্ষবিশিষ্ট?

**প্রশ্ন ॥ ৬ ॥ বাংলাদেশের আইনসভার অফিসিয়াল নাম কী?**
**উত্তর :** বাংলাদেশের আইনসভার অফিসিয়াল নাম জাতীয় সংসদ।

**প্রশ্ন ॥ ৭ ॥ বাংলাদেশের জনমতকে প্রকাশ করে সরকারের কোন বিভাগ?**
**উত্তর :** বাংলাদেশের জনমতকে প্রকাশ করে সরকারের আইন বিভাগ।

**প্রশ্ন ॥ ৮ ॥ মৃত্যুদণ্ড মওকুফ বা হ্রাস করতে পারেন কে?**
**উত্তর :** মৃত্যুদণ্ড মওকুফ বা হ্রাস করতে পারেন রাষ্ট্রপতি।

**প্রশ্ন ॥ ৯ ॥ শাসন বিভাগের প্রধান কে?**
**উত্তর :** শাসন বিভাগের প্রধান হলেন রাষ্ট্রপতি।

**প্রশ্ন ॥ ১০ ॥ গ্রাম এলাকার স্থানীয় সরকার কী?**
**উত্তর :** গ্রাম এলাকার স্থানীয় সরকার হলো ইউনিয়ন পরিষদ।

**প্রশ্ন ॥ ১১ ॥ স্থানীয় পর্যায়ে উন্নয়নের মূল চাবিকাঠি কার হাতে?**
**উত্তর :** স্থানীয় পর্যায়ে উন্নয়নের মূল চাবিকাঠি স্থানীয় সরকারের হাতে।

**প্রশ্ন ॥ ১২ ॥ সিটি কর্পোরেশন মহানগরগুলোতে কোন সংস্থার অনুরূপ কাজ করে?**
**উত্তর :** সিটি কর্পোরেশন মহানগরগুলোতে পৌরসভার অনুরূপ কাজ করে।

### ◘ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ বাংলাদেশের সংবিধান সার্বভৌম ক্ষমতা কাকে প্রদান করেছে?**
**উত্তর :** বাংলাদেশের সংবিধান দেশের সার্বভৌম ক্ষমতার মালিক বলেছে জনগণকে। এ সংবিধান অনুযায়ী রাষ্ট্রের সকল ক্ষমতার মালিক জনগণ এবং জনগণের পক্ষে নির্দিষ্ট কর্তৃপক্ষ এ ক্ষমতা পরিচালনা করবে।

**প্রশ্ন ॥ ২ ॥ ধর্ম সম্পর্কে বাংলাদেশের সংবিধান কী বলেছে?**
**উত্তর :** বাংলাদেশের সংবিধান ধর্ম সম্পর্কে একটি নির্দিষ্ট নীতি প্রণয়ন করেছে। এতে ইসলামকে রাষ্ট্রধর্ম হিসেবে নির্ধারণ করা হয়েছে। সেই সাথে হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ও অন্য সকল ধর্ম ও ধর্মের অনুসারীদের সমান মর্যাদা ও অধিকার রক্ষার বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

**প্রশ্ন ॥ ৩ ॥ জাতীয়তাবাদ কী?**
**উত্তর :** জাতীয়তাবাদ হলো একই জাতির মধ্যকার ভাষা, সাহিত্য ও সংস্কৃতির একাগ্রতা, যা মানুষকে একটি আপন সত্তায় একতাবদ্ধ করে।

**প্রশ্ন ॥ ৪ ॥ বাংলাদেশের আইন বিভাগ কী কাজ করে?**
**উত্তর :** আইন বিভাগ বা জাতীয় সংসদ দেশের সাধারণ আইন তৈরি করে ও আইনের পরিবর্তন করে। দেশের জনমত প্রকাশ করে, সরকারের আয় ও ব্যয় নিয়ন্ত্রণ করে। সংবিধান প্রণয়ন ও সংশোধন করে।

**প্রশ্ন ॥ ৫ ॥ বাংলাদেশের শাসন বিভাগের গঠন কাঠামো ব্যাখ্যা কর।**
**উত্তর :** রাষ্ট্রপ্রধান থেকে শুরু করে গ্রামের একজন চৌকিদার পর্যন্ত সকলেই শাসন বিভাগের অংশ। তবে প্রকৃত অর্থে রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধান, মন্ত্রিপরিষদ ও সচিবালয়ের কর্মকর্তাদের নিয়েই শাসন বিভাগ গঠিত। রাষ্ট্রের শাসন কাজে নিয়োজিত সকল কর্মকর্তা কর্মচারী শাসন বিভাগের অন্তর্ভুক্ত।

**প্রশ্ন ॥ ৬ ॥ স্থানীয় সরকার প্রয়োজন কেন?**
**উত্তর :** স্থানীয় সরকার স্থানীয় পর্যায়ের জনহিতকর ও উন্নয়নমূলক অনেক কাজ করে থাকে। স্থানীয় সরকার ছাড়া তৃণমূল পর্যায়ের ব্যাপক কর্মকাণ্ড পরিচালনা কোনোভাবেই সম্ভব নয়। তাই স্থানীয় সরকারের প্রয়োজনীয়তা অপরিসীম।